আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আর আমি সুস্থ করে তুলি জন্মান্ধকে এবং শ্বেত কুষ্ঠ রোগীকে। আর আমি জীবিত করে দেই মৃতকে আল্লাহর হুকুমে।

সূরা আল ইমরান ৪৯

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ২৮ জুন ২০২৬ ॥ ১২ মহররম ১৪৪৮ ॥ ১৪ আষাঢ় ১৪৩৩ ॥ ১০ম বর্ষ ॥ ১৬ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

মালয়েশিয়া-চীন সফরে ভালো কিছু অর্জন হলে তা দেশের মানুষের

কীর্তনখোলা ডেস্ক

চীন-মালয়েশিয়া সফর প্রসঙ্গে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, এখানে আমাদের কারও কোনো ব্যক্তিগত ২ এর পাতায় দেখুন

বৈশ্বিক সম্পর্ক কেমন হবে তা নিশ্চিত হয়েছে প্রধানমন্ত্রীর সফরে

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন ও মালয়েশিয়া সফরের বিষয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, এই ২ এর পাতায় দেখুন

এইচএসসি পরীক্ষার প্রতিটি কক্ষে সিসি ক্যামেরা স্থাপনের নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক

আসন্ন উচ্চমাধ্যমিক (এইচএসসি) পরীক্ষা সুষ্ঠু, সুশৃঙ্খল ও নকলমুক্ত পরিবেশে সম্পন্ন করতে প্রতিটি পরীক্ষার কক্ষে ২ এর পাতায় দেখুন



সবকিছুতেই বিরোধিতা এই কালচার সমর্থন করি না

কীর্তনখোলা ডেস্ক

সবকিছুতেই বিরোধিতা, এই কালচার সমর্থন করেন না বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ২ এর পাতায় দেখুন

বাজেটে বৈষম্যের শিকার দক্ষিণবাংলাবাসী

বিশেষ প্রতিবেদক

প্রস্তাবিত বাজেটে দক্ষিণবাংলা তথা বরিশাল বিভাগকে চরমভাবে বঞ্চিত করা হয়েছে বলে অভিযোগ করেছেন বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল। সকালে রাজধানীর জাতীয় প্রেসক্লাবের সামনে দীর্ঘ লাইনের মানববন্ধনে সংহতি প্রকাশ করে তিনি এ কথা বলেন। দক্ষিণবাংলা ফোরাম ও বরিশাল জেলা সমিতিসহ প্রায় ১০টি সংগঠনের আয়োজনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে মোয়াজ্জেম হোসেন আলাল বলেন, এর আগে একনেকে অনুমোদিত হওয়া সত্ত্বেও ভাঙ্গা-কুয়াকাটা মহাসড়ক ৬ লেনে উন্নীত করার জন্য নতুন বাজেটে কোনো বরাদ্দ রাখা হয়নি। অথচ দেশের অন্যতম গুরুত্বপূর্ণ এই দুই লেনের মহাসড়কে প্রতিদিনই দুর্ঘটনায় প্রাণ হারাচ্ছেন মানুষ। দক্ষিণবাংলা ফোরামের মুখপাত্র সাংবাদিক বদরুল আলম নাবিল বলেন, ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে চট্টগ্রামের ৪০টি গুরুত্বপূর্ণ প্রকল্পের জন্য মোট ১১ হাজার ৬২৮ কোটি টাকার বিশেষ বরাদ্দ রাখা হয়েছে। কিন্তু বরিশাল বিভাগ তথা দক্ষিণবাংলার জন্য বাজেটে কোনো বিশেষ বরাদ্দের প্রস্তাব নেই। বিশিষ্ট শিল্পপতি ইঞ্জিনিয়ার তৌহিদুর রহমান ক্রমবর্ধমান বৈদেশিক বাণিজ্যের চাপ সামলাতে বিকল্প বন্দর হিসেবে পায়রা বন্দর সচল করার পরামর্শ দেন। তিনি বলেন, নতুন এই বন্দরটির ড্রেজিং ও রক্ষণাবেক্ষণের জন্য ৫ হাজার কোটি টাকা ব্যয় করলে বছরে ৫০ হাজার কোটি টাকা সরকারের আয় হবে এমন তথ্য দিয়েছেন খোদ পায়রা বন্দরের চেয়ারম্যান। প্রায় দুই ঘণ্টাব্যাপী এই মানববন্ধনে বক্তারা বলেন, ভোলা-বরিশাল সেতু নির্মাণ, নদীভাঙন রোধে দক্ষিণাঞ্চলের সব জেলায় টেকসই বেড়িবাঁধ নির্মাণ, ভোলার অব্যবহৃত গ্যাস দিয়ে ভোলা-বরিশাল-পটুয়াখালী অঞ্চলে শিল্পকারখানা গড়ে তোলা, শেরেবাংলা মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা, কুয়াকাটায় বিমানবন্দর ও উন্নয়ন কর্তৃপক্ষ গঠন এবং ভাঙ্গা-কুয়াকাটা ২ এর পাতায় দেখুন

হজ শেষে দেশে ফিরেছেন ৬৮২৯৭ হাজি, মৃত্যু ৫৫ জনের

কীর্তনখোলা ডেস্ক

পবিত্র হজ পালন শেষে শনিবার পর্যন্ত সৌদি আরব থেকে মোট ৬৮ হাজার ২৯৭ জন বাংলাদেশি হাজি দেশে ফিরেছেন। এ বছর হজ করতে গিয়ে মোট ৫৫ জন বাংলাদেশি মৃত্যুবরণ করেছেন। শনিবার (২৭ জুন) হজ বুলেটিনের তথ্য অনুযায়ী, ১৮৮টি ফিরতি ফ্লাইটে তারা দেশে ফিরেছেন। এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ১০২টি, সৌদি এয়ারলাইন্স ৬৩টি এবং ফ্লাইনাস এয়ারলাইন্স ২৩টি ফ্লাইট পরিচালনা করেছে। হজ অফিস জানায়, সরকারি ব্যবস্থাপনায় ৪ হাজার ৪৫৯ জন এবং বেসরকারি ট্রাভেল এজেন্সির মাধ্যমে ৬৩ হাজার ৮৩৮ জন হাজি দেশে ফিরেছেন। এয়ারলাইন্স ভিত্তিক তথ্য অনুযায়ী, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ১০২টি ফ্লাইটে ৩১ হাজার ৯৮১ জন, সৌদি এয়ারলাইন্সের ৬৩টি ফ্লাইটে ২৩ হাজার ১৪৯ জন, ফ্লাইনাসের ২৩টি ফ্লাইটে ৮ হাজার ৯৬৭ জন এবং অন্যান্য এয়ারলাইন্সের মাধ্যমে ২ এর পাতায় দেখুন

বরিশালে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আয়োজনে বরিশাল নগরীতে মাদকবিরোধী র‌্যালি-**কীর্তনখোলা**

আজ থেকে ক্যাম্পেইন শুরু

ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল কারা পাবে কারা পাবে না

কীর্তনখোলা ডেস্ক

অন্ধত্ব প্রতিরোধসহ শিশুদের পুষ্টিহীনতা দূরীকরণের লক্ষ্যে দীর্ঘ প্রায় ১৪ মাস পর দেশব্যাপী শুরু হচ্ছে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন। আজ রোববার (২৮ জুন) সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত চলবে। সংশ্লিষ্ট তথ্যমতে, সাধারণত ৬-৫৯ মাস বয়সি শিশুদের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হয়। তবে নির্দিষ্ট কিছু কারণে সব শিশু এ ক্যাপসুল খেতে পারবে না। কোন শিশুরা এ ক্যাপসুল পাবে আর কারা পাবে না, সে বিষয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং জাতীয় কর্মসূচির কিছু স্পষ্ট নির্দেশনা রয়েছে।হালকা জ্বর, সর্দি-কাশি, ডায়রিয়া বা অপুষ্টি থাকলেও সাধারণত ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো যায়। অর্থাৎ এসব সাধারণ শারীরিক সমস্যা ক্যাপসুল দেওয়ার ক্ষেত্রে কোনো বাধা নয়। কারা এই ক্যাপসুল পাবে না- ৬ মাসের কম বয়সি : যেসব শিশুর বয়স এখনো ৬ মাস পূর্ণ ২ এর পাতায় দেখুন

সোনার দাম ভরিতে এক লাফে বাড়লো ৫ হাজার ৪৮২ টাকা

কীর্তনখোলা ডেস্ক

দেশের বাজারে সোনার নতুন দাম নির্ধারণ করেছে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)। ভ্যাটসহ স্বর্ণালংকারে দাম প্রতি ভরিতে সর্বোচ্চ ৫ হাজার ৪৮২ টাকা বাড়ানো হয়েছে। গত বৃহস্পতিবার কমানো হয়েছিল ২ হাজার ২১৬ টাকা। শনিবার (২৭ জুন) সকাল ১০টা থেকে নতুন এ দাম কার্যকর হয়েছে। বাজুস জানায়, সোমবার সকালে বাজুস স্ট্যান্ডিং কমিটি অন প্রাইসিং অ্যান্ড প্রাইস মনিটরিং কমিটি বৈঠকে করে এ দাম নির্ধারণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নতুন দাম অনুযায়ী, এখন ভ্যাটসহ সবচেয়ে ভালো মানের বা ২২ ক্যারেটের প্রতি ভরি স্বর্ণালঙ্কারের নতুন দাম নির্ধারণ করা হয়েছে ২ লাখ ২৮ হাজার ৫৫৬ টাকা। যা শুক্রবার ছিল ২ লাখ ২৩ হাজার ৭৪ টাকা। এ ছাড়া ভ্যাটসহ ২১ ২ এর পাতায় দেখুন

শেকড় সাহিত্য সংসদের ১২০১তম আসর

সাহিত্যচর্চার পাশাপাশি বরিশালের গৌরবময় ইতিহাসের পাঠ

আহমেদ বেলাল

বরিশাল নগরের বটতলার গোরাচাঁদ দাশ রোডস্থ দৈনিক কীর্তনখোলা পত্রিকা কার্যালয়ে গত শুক্রবার সন্ধ্যায় অনুষ্ঠিত হয়েছে শেকড় সাহিত্য সংসদের ১২০১তম সাহিত্য আসর। সাহিত্য, ইতিহাস ও মুক্তবুদ্ধির চর্চায় নিবেদিত এই আয়োজনটি হয়ে উঠেছিল কবি-সাহিত্যিক, গবেষক ও সংস্কৃতিমনস্ক মানুষের এক প্রাণবন্ত মিলনমেলা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রবীণ সাংবাদিক এম জামান। প্রধান ২ এর পাতায় দেখুন

প্রাথমিকের ১৪ হাজার নতুন শিক্ষকের যোগদান-পদায়নে সুখবর

কীর্তনখোলা ডেস্ক

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগে ১৪ হাজার ৩৮৪ জন প্রার্থী চূড়ান্ত সুপারিশ পেয়েও পাঁচমাস ধরে ঝুলে আছেন। অন্তর্বর্তী সরকারের আমলে তড়িঘড়ি নিয়োগ পরীক্ষা নেওয়া এবং অনিয়মের অভিযোগ ওঠায় নতুন সরকার বিষয়টি নিয়ে কয়েক ধাপে যাচাই করেছে। অবশেষে তাদের যোগদান ও পদায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। এ নিয়ে আজ রোববার (২৮ জুন) সভা ডেকেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। সেখানে নতুন এ সহকারী শিক্ষকদের বদলি ও পদায়নের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করবেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. সাখাওয়াৎ হোসেন। গত ২৪ জুন এক চিঠির মাধ্যমে এ সভা ডাকা হয়। এতে বলা হয়েছে, সারা দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে নবনিয়োগপ্রাপ্ত সহকারী ২ এর পাতায় দেখুন

বরিশাল কারাগারে যেভাবে সময় কাটছে মিন্নির

কীর্তনখোলা রিপোর্ট

বছর সাতেক আগে বরগুনার রিফাত শরীফ হত্যা মামলায় মৃত্যুদণ্ডের সাজা পাওয়া তার স্ত্রী আয়শা সিদ্দিকা মিন্নিকে এখন বরিশাল কারাগারে রাখা হয়েছে। সেখানে ফাঁসির দণ্ডপ্রাপ্ত চার নারীর সঙ্গে সময় কাটছে তার। সাক্ষাতের সুবিধার্থে বাবার অনুরোধে মিন্নিকে গত মে মাসে কাশিমপুর মহিলা কারাগার থেকে বরিশালে স্থানান্তর করা হয়। সহকারী কারা মহাপরিদর্শক জান্নাত উল ফরহাদ বলেন, “মিন্নি বর্তমানে বরিশাল কারাগারে রয়েছেন। ফাঁসির দণ্ডপ্রাপ্ত হওয়ায় তাকে নিয়ম অনুযায়ী অন্য (সাধারণ) বন্দিদের থেকে আলাদা রাখা হয়েছে। তার সাথে আরো চার মহিলা ফাঁসির দণ্ডপ্রাপ্ত বন্দি আছে।” মিন্নির সঙ্গে প্রায়ই তার বাবা মোজাম্মেল হোসেন কিশোর দেখা করতে আসেন জানিয়ে কারা অধিদপ্তরের ২ এর পাতায় দেখুন

দেশজুড়ে তাপপ্রবাহের দাপট

কীর্তনখোলা ডেস্ক

বর্ষা মৌসুম শুরু হলেও দেশের অধিকাংশ অঞ্চলে এখনো গরমের দাপট কমেনি। রাজশাহী, পাবনা ও যশোর জেলায় মৃদু তাপপ্রবাহ অব্যাহত রয়েছে। তবে উত্তরাঞ্চলের কয়েকটি বিভাগে বৃষ্টির সম্ভাবনা থাকায় আগামী কয়েক দিনের মধ্যে আবহাওয়ায় কিছুটা পরিবর্তনের আভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। শনিবারের পূর্বাভাসে সংস্থাটি জানিয়েছে, আগামী ২৪ ঘণ্টায় রংপুর ২ এর পাতায় দেখুন

এইচএসসি পরীক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্ধার

দশমিনা প্রতিনিধি

পটুয়াখালীর দশমিনা উপজেলায় সিঁথি রানী (১৮) নামের এক এইচএসসি পরীক্ষার্থীর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করেছে দশমিনা থানা পুলিশ। শুক্রবার (২৬ জুন) রাত ১০টার দিকে উপজেলার বেতাগী-সানকিপুর ইউনিয়নের বেতাগী গ্রামে এ ঘটনা ঘটে। নিহত সিথী রানী ওই গ্রামের নিত্য শিকদারের মেয়ে এবং দশমিনা ২ এর পাতায় দেখুন

পুকুরের পানিতে ডুবে মামা-ভাগ্নের মৃত্যু

বরগুনা প্রতিনিধি

বরগুনা জেলার বামনা উপজেলা সদরে পুকুরের পানিতে ডুবে মামা-ভাগ্নের মৃত্যু হয়েছে। শনিবার (২৭ জুন) দুপুর ২টার দিকে উপজেলা সদরের দক্ষিণ আমতলী গ্রামে এ ঘটনা ঘটে। নিহত দু’জন হলোঃ ওবাদুল (৯) ও তালিমুল ইসলাম (২১)। তারা দু’জন সম্পর্কে আপন মামা-ভাগ্নে। এর মধ্যে মামা তালিমুল ইসলাম একজন কোরআনের হাফেজ ছিলেন। স্থানীয় সূত্রে জানা যায়, বামনা উপজেলা সদরের পূর্ব সফিপুর গ্রামের মোস্তাফিজুর রহমানের ছেলে ওবাদুলকে নিয়ে মামা তালিমুল ইসলাম বাড়ির পাশের পুকুরে সাতার শিখাতে নিয়ে যান। পুকুরের গভীরতার কারণে ভাগিনা ওবায়দুল ডুবে যায়। তাকে বাঁচাতে গিয়ে মামা তালিমুল নিজেও ডুবে যায়। এ সময় বাড়ির আশপাশের লোকজন বিষয়টি বুঝতে পেরে ডুবে ২ এর পাতায় দেখুন



ত্যাগ-সংগ্রামের রাজনীতিতে শরীফ জহির সাজ্জাদ হান্নান

এস এম নয়ন, গৌরনদী

বরিশালের গৌরনদী উপজেলার রাজনীতিতে দীর্ঘদিন ধরে আলোচিত একটি নাম শরীফ জহির সাজ্জাদ হান্নান। ছাত্রজীবন থেকে রাজনীতি, আন্দোলন-সংগ্রাম, সামাজিক কর্মকাণ্ড এবং দলীয় সাংগঠনিক কার্যক্রমে সক্রিয় ভূমিকা রাখায় তিনি তৃণমূল বিএনপির নেতাকর্মীদের কাছে একজন ত্যাগী, কর্মীবান্ধব ও দক্ষ সংগঠক হিসেবে পরিচিত। ২০২৪ সালের ছাত্র-জনতার গণঅভ্যুত্থান, ফ্যাসিবাদবিরোধী আন্দোলন এবং গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলন-সংগ্রামেও রাজপথে নেতৃত্বদানকারী অন্যতম সংগঠক হিসেবে তিনি সক্রিয় ভূমিকা পালন করেছেন বলে দলীয় নেতাকর্মীরা জানান। আসন্ন গৌরনদী পৌরসভা নির্বাচনকে সামনে রেখে তাঁর নাম আবারও আলোচনায় এসেছে। স্থানীয় বিএনপির নেতাকর্মী ও অনেক সাধারণ মানুষের দাবি, দীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতা, সাংগঠনিক দক্ষতা এবং জনসম্পৃক্ততার কারণে তিনি মেয়র প্রার্থী হলে দল ও পৌরবাসী উভয়ই উপকৃত হবে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শে ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলাঃ** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

আইনের আওতায় আনা হোক

বাংলাদেশের উন্নয়নে প্রধান বাধা দুর্নীতি এটি সবাই একবাক্যে স্বীকার করে। জাতীয় ও আন্তর্জাতিক অনেক সংস্থা বাংলাদেশের লাগামহীন দুর্নীতি নিয়ে বহুভাবে সতর্ক করে আসছে। কিন্তু পরিতাপের বিষয় হচ্ছে দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার এসব না কমে উল্টো আরো ডালপালা মেলছে। ওয়াশিংটনভিত্তিক গবেষণাপ্রতিষ্ঠান গ্লোবাল ফিন্যানশিয়াল ইন্টেগ্রিটির (জিএফআই) তথ্য অনুযায়ী, বাংলাদেশ থেকে প্রতিবছর গড়ে প্রায় ৭৪ হাজার ৪৭৫ কোটি টাকা পাচার হয়ে যায়। কিন্তু দুর্নীতি প্রতিরোধে রাষ্ট্র ক্রমাগত ব্যর্থতার পরিচয় দিয়ে চলেছে। দুর্নীতিবিরোধী সংস্থাগুলোর ভূমিকাও দারুণভাবে প্রশ্নবিদ্ধ। ফলে একজন সাবেক আইজিপির বিরুদ্ধে, একজন ডিবি হারুনের বিরুদ্ধে, পুলিশের একজন অতিরিক্ত মহাপরিদর্শকের বিরুদ্ধে কিংবা ক্ষমতার কেন্দ্রে থাকা আরো অনেকের বিরুদ্ধে শত শত কোটি টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ ওঠে। আরো অবাক করা বিষয় হলো, অপকর্মের বহু অভিযোগের পরও তাঁদের অনেকেই দীর্ঘ সময় ধরে গ্রেপ্তার এড়িয়ে যাচ্ছেন। প্রকাশিত খবরে বলা হয়, অঘটনঘটনপটীয়সী হিসেবে পরিচিত পুলিশের সাবেক কর্মকর্তা ডিবি হারুনের বিরুদ্ধে অভিযোগের অন্ত নেই। জ্ঞাত আয়বহির্ভূত শত শত কোটি টাকার সম্পদ অর্জন, ক্ষমতার অপব্যবহার, চাঁদাবাজি, জমি দখল, নির্যাতন, গুম-অপহরণ, রাজনৈতিক পক্ষপাত, এমনকি নারী কেলেঙ্কারির অভিযোগও রয়েছে তাঁর বিরুদ্ধে। জানা যায়, তাঁর বিরুদ্ধে থাকা মামলার সংখ্যা ১৮৫। দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের ভিত্তিতে আদালত তাঁর অনেক সম্পদ জব্দও করেছেন। তা সত্ত্বেও আজ পর্যন্ত ডিবি হারুন গ্রেপ্তার হননি। ২০২৪ সালের ৫ আগস্টের পর থেকেই তিনি পলাতক। আইনের শাসনের জন্য এটি ভালো দৃষ্টান্ত নয়। সাবেক পুলিশ মহাপরিদর্শক মুহাম্মদ নুরুল হুদা গণমাধ্যমকে বলেন, 'আইন সবার জন্য সমান। দোষী হোক কিংবা নির্দোষ, দ্রুত তদন্ত করে ব্যবস্থা নিতে হবে। অন্যথায় বাহিনীর সদস্যদের মনোবলে নেতিবাচক প্রভাব পড়বে।' বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে গ্রেপ্তার হয়েছেন। তাঁকে দেশে ফিরিয়ে আনার জন্য চলছে বহুমুখী আইনি ও কূটনৈতিক তৎপরতা। জানা গেছে, তাঁকে বিচারের মুখোমুখি দাঁড় করানোর জন্য প্রয়োজনীয় নথিপত্র প্রস্তুতের কাজ চূড়ান্ত করেছে দুদক। জানা যায়, বেনজীরকে ফেরত আনার অনুরোধপত্র স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সেখান থেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে তা আরব আমিরাত সরকারের কাছে পৌঁছানো হবে। আশা করা যায়, বেনজীর আহমেদকে শিগগিরই দেশে ফিরিয়ে আনা যাবে। কিন্তু তাঁর ডান হাত বলে পরিচিত পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক গাজী মো. মোজাম্মেল হক এখনো গ্রেপ্তার হননি। তাঁর বিরুদ্ধেও জমি দখল, ক্ষমতার অপব্যবহার, জোরপূর্বক জমি লিখে নেওয়া, নদী ভরাট, অবৈধ সম্পদ অর্জন ও শত শত কোটি টাকার সম্পদের মালিক হওয়ার অভিযোগ রয়েছে। গণমাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, তিনি এখনো দেশেই আছেন এবং সদর্পে ঘুরে বেড়াচ্ছেন। ব্যক্তিবিশেষের প্রতি আইনের প্রয়োগ ভিন্ন হলে মানুষ তা থেকে ভিন্ন বার্তাই পায়। দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ অনেক পুরনো। এসব থেকে রাষ্ট্রকে মুক্ত করতে হবে। আর সে জন্য অপরাধী-নির্বিশেষে কঠোরভাবে আইনের প্রয়োগ করতে হবে। দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা গেলে তা অন্যদের সতর্ক করবে, অপরাধ থেকে নিবৃত্ত করবে। পাশাপাশি অপরাধের বিরুদ্ধে রাষ্ট্রের নজরদারি বাড়াতে হবে, যাতে শত শত কোটি টাকার দুর্নীতি করার আগেই অপরাধীকে আইনের আওতায় আনা যায়।

সবকিছুতেই বিরোধিতা এই

ডা. শফিকুর রহমান। শনিবার (২৭ জুন) জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর সাম্প্রতিক বিদেশ সফরের ওপর আনা ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে তিনি এ কথা বলেন। বিরোধীদলীয় নেতা বলেন, এখানে সরকারি দল সব ক্রেডিট (কৃতিত্ব) নেবে আর বিরোধীদল সবকিছুতে শুধু বিরোধিতাই করবে ব্যক্তিগত ও দলগতভাবে আমরা এই কালচার সমর্থন করি না। সরকারিদলকেও বিরোধীদলকে সম্মান করতে হবে। আর বিরোধীদলেরও দায়িত্ব থাকবে দেশ গঠনে তার জায়গা থেকে যথাযথ ভূমিকা রাখা। পররাষ্ট্রনীতি প্রসঙ্গে তিনি বলেন, আমাদের সম্পর্ক হবে পারস্পরিক সম্মান ও সমতার ভিত্তিতে। বাংলাদেশের স্বাধীন ফরেন পলিসিতে (পররাষ্ট্রনীতি) কেউ হস্তক্ষেপ করুক, এটা আমরা কখনো মেনে নেবো না। সবার আগে দেশের স্বার্থ। কোনো চুক্তিই হোক বা যাই হোক, তা হবে পারস্পরিক স্বার্থের ভিত্তিতে। স্বচ্ছতা ও জবাবদিহির স্বার্থে বিদেশের সঙ্গে সম্পাদিত সব মৌলিক চুক্তি সংসদে নিয়ে আসার দাবি জানিয়ে তিনি বলেন, সংসদকে বাইপাস (পাশ কাটিয়ে) করে যেন কিছুই না হয়, সবকিছু হোক সংসদের ভেতরে।

এইচএসসি পরীক্ষার প্রতিটি

সিসিটিভি ক্যামেরা স্থাপনের নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। শনিবার রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন পরীক্ষাকেন্দ্রগুলোর সচিবদের সঙ্গে মতবিনিময় সভায় ভার্চুয়ালি যুক্ত হয়ে শিক্ষামন্ত্রী এই নির্দেশনা দেন। রাজশাহী কারা প্রশিক্ষণ কেন্দ্রের মিলনায়তনে এই সভার আয়োজন করা হয়। সভায় শিক্ষামন্ত্রী আগামী ২ জুলাই শুরু হতে যাওয়া উচ্চমাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে আয়োজনে কেন্দ্রসচিবদের বিভিন্ন দিকনির্দেশনা দেন। শিক্ষামন্ত্রী বলেন, পরীক্ষার স্বচ্ছতা ও শৃঙ্খলা নিশ্চিত করতে প্রতিটি পরীক্ষার কক্ষে সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে হবে। একই সঙ্গে নকলমুক্ত পরিবেশ বজায় রাখতে সংশ্লিষ্ট ব্যক্তিদের সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। সভায় উপস্থিত ছিলেন রাজশাহী জেলা প্রশাসক কাজী শহিদুল ইসলাম, রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. শামীম আরা চৌধুরী। সভায় বিভিন্ন পরীক্ষাকেন্দ্রের সচিবেরাও অংশ নেন। সভায় রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. শামীম আরা চৌধুরী জানান, এবার রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ৮ জেলায় ২০৮টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশ নেবেন ১ লাখ ৪০ হাজার ৮৩০ জন শিক্ষার্থী। তিনি আশা প্রকাশ করেন, সংশ্লিষ্ট সবার সহযোগিতায় সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা সম্পন্ন করা সম্ভব হবে।

বৈশ্বিক সম্পর্ক কেমন

ভিজিটে (সফর) প্রধানমন্ত্রী একটা মানদণ্ড স্থাপন করেছেন। শুধু দেশের রাজনীতিতে নয়, বরং আগামীতে বিশ্বের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক কেমন হবে সেটা নিশ্চিত হয়েছে এই সফরে। মালয়েশিয়া এবং চীন সফরে প্রধানমন্ত্রীর অভূতপূর্ব সাফল্যের জন্য জাতীয় সংসদে ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়েছে। সেই প্রস্তাবের ওপর বক্তব্য দিতে গিয়ে অর্থমন্ত্রী এসব কথা বলেন। শনিবার (২৭ জুন) জাতীয় সংসদ অধিবেশনের শুরুতে ধন্যবাদ প্রস্তাবটি উপস্থাপন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম। অর্থমন্ত্রী বলেন, আমাদের প্রধানমন্ত্রী বাংলাদেশের রাজনীতিতে কালচারাল পরিবর্তন শুরু করেছেন। প্রধানমন্ত্রী বিদেশ সফরে যাওয়ার সময় এবং আসার সময় লোকসমাগম করেননি। হাজার লোকের সমাগম করেননি এটা বড় পরিবর্তন। প্রধানমন্ত্রী বিদেশ সফরের বেঞ্চমার্ক কনফার্ম করেছেন, যেটা বিএনপির রাজনীতিতে সব সময় ছিল। আমরা কোথাও কম্প্রমাইজ করবো না। আমরা সম্পর্ক কাজে লাগানোর জন্য প্রস্তুত। আমির খসরু আরও বলেন, মালয়েশিয়ায় আমাদের এনার্জি ও শ্রম বাজারের বড় একটা ইন্টারেস্ট রয়েছে।পাশাপাশি ট্রেড-ইনভেস্টমেন্টের একটা ইন্টারেস্ট রয়েছে। চীনের সঙ্গে বড় ট্রেডের বিষয় আছে। এছাড়া অবকাঠামো উন্নয়নের একটা সম্পর্ক আছে। চীনের সঙ্গে ট্রেড গ্যাপ পূরণ করে রপ্তানি বাড়াবো। এই বিষয়ে আমাদের আলোচনা হয়েছে। চীন-মালয়েশিয়া সফরের ভিত্তি ছিল পররাষ্ট্রের ওপর ভিত্তি করে।

মালয়েশিয়া-চীন সফরে

বিষয় নেই। যদি কিছু অর্জন হয়ে থাকে, ভালো কোনো কিছু অর্জন হয়ে থাকে, এটি বাংলাদেশের অর্জন। এই সফরের মাধ্যমে যদি দেশের মানুষের কোনো অর্জন হয়ে থাকে, সেটি দেশের মানুষের অর্জন। নিবার (২৭ জুন) জাতীয় সংসদের অধিবেশনের শুরুতে প্রধানমন্ত্রী মালয়েশিয়া ও চীন সফর প্রসঙ্গে কথা বলেন। দুই দেশে সফরে সংসদে ধন্যবাদ প্রস্তাব গৃহীত হওয়ায় প্রধানমন্ত্রী তারেক রহমান কৃতজ্ঞতা প্রকাশ করেন। এ সময় অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম। প্রধানমন্ত্রী বলেন, আমাদের দলের অবস্থান থেকে আমরা একটি স্লোগান ব্যবহার করি, সেটি হচ্ছে 'বাংলাদেশ ফার্স্ট' বা 'বাং?লাদেশ প্রথম'। সবার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সংসদে প্রধানমন্ত্রী বলেন, সংসদের সব সদস্য, বিশেষ করে বিরোধীদলীয় নেতা-উনিও উৎসাহ প্রদান করেছেন দেশের জন্য, দেশের মানুষের পক্ষে কাজ করার জন্য সেজন্য আবারও আমার ব্যক্তিগত পক্ষ থেকে সব সদস্য, বিরোধীদলীয় নেতাসহ সব সদস্যকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি।

বাজেটে বৈষম্যের শিকার

রেললাইন নির্মাণের মতো গুরুত্বপূর্ণ জনদাবিগুলো বাজেটে অন্তর্ভুক্ত করার দাবি জানান। প্রস্তাবিত বাজেটে সংশোধনী এনে এসব প্রকল্পে বিশেষ বরাদ্দ দেওয়ার মাধ্যমে পিছিয়ে থাকা দক্ষিণবাংলার সামগ্রিক উন্নয়নে প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর সুদৃষ্টি কামনা করেন দক্ষিণের ৬টি জেলা থেকে আসা বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। মানববন্ধনে দক্ষিণবাংলা ফোরাম ছাড়াও বরিশাল বিভাগ সমিতি, বরিশাল জেলা সমিতি, পটুয়াখালী জেলা সমিতি, বরগুনা জেলা সমিতি, বরিশাল বিভাগ সাংবাদিক সমিতি, পটুয়াখালী জেলা সাংবাদিক ফোরামসহ দক্ষিণবাংলার বিভিন্ন জেলা ও উপজেলা সমিতি, সাংবাদিক এবং শিক্ষার্থী সংগঠনের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

সোনার দাম ভরিতে

ক্যারেটের প্রতি ভরি সোনার দাম দুই লাখ ১৮ হাজার ২৯২ টাকা, ১৮ ক্যারেটের প্রতি ভরি এক লাখ ৮৭ হাজার ৪৪০ টাকা এবং সনাতন পদ্ধতির প্রতি ভরি সোনার দাম এক লাখ ৫৩ হাজার ১৪৮ টাকা। সোনার দামের সঙ্গে বাড়ানো হয়েছে রুপার দামও। ২২ ক্যারেটের এক ভরি রুপার দাম ৪ হাজার ৬৬৬ টাকা। এ ছাড়া ২১ ক্যারেটের প্রতি ভরি রুপা ৪ হাজার ৪৩২ টাকা, ১৮ ক্যারেটের প্রতি ভরি ৩ হাজার ৭৯১ টাকা এবং সনাতন পদ্ধতির প্রতি ভরি রুপার দাম ২ হাজার ৮৫৮ টাকা।

এইচএসসি পরীক্ষার্থীর

সরকারি আবদুর রশিদ তালুকদার কলেজের ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার্থী। পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, শুক্রবার সন্ধ্যায় পড়াশোনা শেষে রাতের খাবার খেয়ে নিজ কক্ষে যায় সিথী রানী। রাতের দিকে তার কক্ষ থেকে হঠাৎ বিকট শব্দ শুনে বাবা নিত্য শিকদার ছুটে গিয়ে দেখেন, ঘরের আড়ার সঙ্গে ওড়না পেঁচিয়ে তার মেয়ে ঝুলে আছে। পরে পরিবারের সদস্যদের চিৎকারে প্রতিবেশীরা ছুটে আসেন। খবর পেয়ে দশমিনা থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে আসে। একই রাতে ময়নাতদন্তের জন্য মরদেহ পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

দেশজুড়ে তাপপ্রবাহের

ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক এলাকায় দমকা হাওয়া, বজ্রপাত এবং হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এ ছাড়া রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কোনো কোনো এলাকায় বৃষ্টি হতে পারে। রংপুর ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারি থেকে ভারী বর্ষণের সম্ভাবনার কথাও বলা হয়েছে। আবহাওয়াবিদ এ কে এম নাজমুল হক বলেন, আপাতত দেশের উত্তরাঞ্চলে বৃষ্টির প্রবণতা বেশি থাকবে। অন্য অঞ্চলেও বৃষ্টি হতে পারে, তবে তা হবে সীমিত পরিসরে। জুনের শেষ দিক থেকে মৌসুমি বায়ু আরও সক্রিয় হওয়ার সম্ভাবনা রয়েছে। এর ফলে ৩০ জুনের পর সারা দেশে বৃষ্টির পরিমাণ বাড়তে পারে। এদিকে বৃষ্টির দেখা মিললেও তাপমাত্রায় বড় ধরনের পরিবর্তনের সম্ভাবনা নেই। আবহাওয়া অধিদপ্তরের মতে, দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। ফলে তাপপ্রবাহকবলিত এলাকাগুলোয় গরমের অস্বস্তিও বজায় থাকবে। গত ২৪ ঘণ্টায় দেশের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে যশোরে ৩৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। অন্যদিকে সবচেয়ে বেশি ৭৩ মিলিমিটার বৃষ্টি হয়েছে সিলেটে। একই সঙ্গে সর্বনিম্ন তাপমাত্রাও ছিল সিলেটে ২৩ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়াবিদদের মতে, বর্ষাকালে বৃষ্টির মধ্যেও কয়েক দিনের জন্য গরম বেড়ে যাওয়া অস্বাভাবিক নয়। তবে এবার মৌসুমি বায়ুর প্রবেশ স্বাভাবিক সময়ের চেয়ে কিছুটা বিলম্বিত হওয়ায় বৃষ্টির ধারাবাহিকতা তৈরি হয়নি। এর প্রভাবে দেশের বিভিন্ন অঞ্চলে কয়েক দিন ধরে তাপমাত্রা উর্ধ্বমুখী। পূর্বাভাস অনুযায়ী, রোববার থেকে বৃষ্টির বিস্তৃতি ও পরিমাণ বাড়তে শুরু করলে গরমের তীব্রতাও ধীরে ধীরে কমে আসতে পারে। ফলে চলতি সপ্তাহের শুরুতে দেশের অনেক এলাকায় কিছুটা স্বস্তি ফিরতে পারে।

পুকুরের পানিতে ডুবে

যাওয়া দু'জনকেই পানি থেকে উঠিয়ে দ্রুত বামনা সদর হাসপাতাল নিয়ে যান। সেখানে স্বাস্থ্য কমপ্লেক্সের উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার মো: তুহিন হাওলাদার পরীক্ষা-নিরীক্ষা করে দু'জনকে মৃত ঘোষণা করেন।

বরিশাল কারাগারে যেভাবে

এ কর্মকর্তা বলেন, কাশিমপুরে গিয়ে দেখা করতে অসুবিধা হওয়ায় মিন্নির বাবার আবেদনে তাকে বরিশাল কারাগারে রাখা হয়েছে। বরিশাল কারাগারের জ্যেষ্ঠ জেল সুপার সুব্রত কুমার বালা বলেন, "বরিশাল কারাগারে মিন্নিসহ পাঁচ মৃত্যুদণ্ডপ্রাপ্ত বন্দি রয়েছে। তাদের একসাথে রাখা হয়েছে।" কারা কর্মকর্তারা জানান, মিন্নি নামাজ-রোজা করে সময় কাটান। সঙ্গে থাকা অন্য বন্দিদের থেকে তিনি নিজেকে আলাদা রাখার চেষ্টা করেন। কারাগার থেকে যেসব খাবার দেওয়া হয়, সেগুলোই তিনি খেয়ে থাকেন। ২০১৯ সালের ২৬ জুন ভরদুপুরে বরগুনা জেলা শহরের কলেজ রোডে প্রকাশ্যে কুপিয়ে হত্যা করা হয় রিফাতকে। ওই ঘটনার একটি রোমহর্ষক ভিডিও ইন্টারনেটে ছড়িয়ে পড়লে দেশজুড়ে শুরু হয় আলোচনা। সেই ভিডিওতে দেখা যায়, দুই যুবক রামদা হাতে রিফাতকে একের পর এক আঘাত করে চলেছে। আর তার স্ত্রী আয়েশা সিদ্দিকা মিন্নি স্বামীকে বাঁচানোর জন্য হামলাকারীদের ঠেকানোর চেষ্টা করছেন। ওই ঘটনায় রিফাতের বাবা দুলাল শরীফ বাদী হয়ে ১২ জনকে আসামি করে বরগুনা থানায় হত্যা মামলা করেন। মামলায় মিন্নিকে ১ নম্বর সাক্ষী করা হয়। মিন্নির শ্বশুরই পরে হত্যাকাণ্ডে পুত্রবধূর জড়িত থাকার অভিযোগ তুললে আলোচনা নতুন মোড় নেয়। ১৬ জুলাই মিন্নিকে বরগুনার পুলিশ সুপারের কার্যালয়ে ডেকে নিয়ে দিনভর জিজ্ঞাসাবাদ করা হয়। পরে সেদিন রাতে তাকে রিফাত হত্যা মামলায় গ্রেপ্তার দেখানো হয়। এর মধ্যে ২ জুলাই মামলার প্রধান সন্দেহভাজন সাব্বির আহম্মেদ ওরফে নয়ন বন্ড পুলিশের সঙ্গে কথিত বন্দুকযুদ্ধে নিহত হন। পরের বছরের ৩০ সেপ্টেম্বর মিন্নিসহ ছয় আসামির ফাঁসির রায় হয়। এ রায়ের বিরুদ্ধে মিন্নি উচ্চ আদালতে আপিল করেছেন। ফাঁসির দণ্ডপ্রাপ্ত বন্দিদের দিকে বিশেষ নজর রাখা হয় জানিয়ে সহকারী কারা মহাপরিদর্শক জান্নাত উল ফরহাদ বলেন, "আদালতের কার্যক্রম দেখে যাদের সময় কিছুটা ঘনিয়ে আসে, তাদের ক্ষেত্রে নজরটা বেশি থাকে এবং এবং তাদের কাছে এমন কিছু দেওয়া বা রাখা হয় না যে, তার কোনো দুর্ঘটনা ঘটাতে পারে।"

প্রাথমিকের ১৪

শিক্ষকদের পদায়ন, কর্মরত সব শিক্ষকের বদলি-সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও পর্যালোচনা করে নিষ্পত্তিকরণের লক্ষ্যে গঠিত জাতীয় কমিটির সভা আগামী ২৮ জুন বিকেল ৩টায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. সাখাওয়াৎ হোসেনের সভাপতিত্বে তার অফিসকক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সংশ্লিষ্ট সবাইকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়েছে। এর আগে গত ২২ জুন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে কর্মরত শিক্ষকদের বদলি সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা, পর্যালোচনা এবং নিষ্পত্তি করার লক্ষ্যে কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়। সে হিসেবে এটিই এ কমিটির প্রথম সভা। জানতে চাইলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. সাখাওয়াৎ হোসেন বলেন, 'নতুন একটি কমিটি হয়েছে। সেটার প্রথম সভা হবে। এখানে বিভিন্ন দিক নিয়ে আলোচনা-পর্যালোচনা করা হবে। তবে এদিনই যে সুপারিশপ্রাপ্ত হয়ে যোগদানের অপেক্ষায় থাকা শিক্ষকদের জন্য চূড়ান্ত সিদ্ধান্ত হবে, সেটি বলা সম্ভব নয়।' গত ৯ জানুয়ারি দেশের ৬১ জেলায় (পার্বত্য তিন জেলা ছাড়া) একযোগে সহকারী শিক্ষক নিয়োগে লিখিত পরীক্ষা (এমসিকিউ টাইপ) অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ৬৯ হাজার ২৬৫ জন মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত হন। মৌখিক পরীক্ষা নিয়ে ৮ ফেব্রুয়ারি চূড়ান্ত ফল প্রকাশ করা হয়। এতে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচন করা হয় ১৪ হাজার ৩৮৪ জন প্রার্থীকে। তাতে জেলাভিত্তিক উত্তীর্ণ প্রার্থীদের তালিকাও প্রকাশ করা হয়। লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সব প্রক্রিয়া শেষ করলেও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগে চূড়ান্ত সুপারিশপ্রাপ্ত শিক্ষকরা এখনো যোগদান করতে পারেননি। এমন পরিস্থিতিতে চরম অনিশ্চয়তায় পড়েছেন ১৪ হাজার ৩৮৪ জন সুপারিশপ্রাপ্ত সহকারী শিক্ষক। এ নিয়ে গত এপ্রিলের শেষ দিকে রাজধানীতে আন্দোলনে নামেন তারা। এরপর তাদের প্রশিক্ষণ শেষে নিয়োগ দেওয়া হবে বলে জানান শিক্ষামন্ত্রী।

ভিটামিন 'এ' প্লাস ক্যাপসুল

হয়নি, তাদের এ ক্যাম্পেইনের ক্যাপসুল খাওয়ানো যাবে না বলে নির্দেশনা রয়েছে। সম্প্রতি উচ্চমাত্রার ক্যাপসুল খাওয়া শিশু : গত এক মাসের (২৮৩০ দিন) মধ্যে যেসব শিশু অন্য কোনো কারণে উচ্চমাত্রার ভিটামিন 'এ' ক্যাপসুল খেয়েছে, তাদের এ ক্যাম্পেইনে পুনরায় ক্যাপসুল দেওয়া হবে না। গুরুতর অসুস্থ : কোনো শিশু যদি গুরুতর অসুস্থ থাকে বা হাসপাতালে ভর্তি হওয়ার মতো অবস্থায় থাকে, তবে তাকে তাৎক্ষণিকভাবে এ ক্যাপসুল দেওয়া যাবে না। এদিকে, ক্যাম্পেইনে শিশুদের বয়স অনুযায়ী দুই ধরনের ক্যাপসুল খাওয়ানো হবে। ১. ৬-১১ মাস বয়সি শিশুদের দেওয়া হবে নীল রঙের ক্যাপসুল। ২. ১২-৫৯ মাস বয়সি শিশুদের দেওয়া হবে লাল রঙের ক্যাপসুল।

হজ শেষে দেশে ফিরেছেন

৪ হাজার ২০০ জন হাজি দেশে ফিরেছেন। সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, বাকি হাজিরা নির্ধারিত এয়ারলাইন্সের মাধ্যমে পর্যায়ক্রমে দেশে ফিরবেন। এদিকে চলতি হজ মৌসুমে সৌদি আরবে ৩৭ জন পুরুষ ও ১৮ জন নারীসহ ৫৫ জন বাংলাদেশির মৃত্যু হয়েছে। তাদের মধ্যে মক্কায় ৩৭ জন, মদিনায় ১৭ জন এবং জেদ্দায় একজন মৃত্যুবরণ করেন। তবে মিনা বা মুজদালিফায় কোনো মৃত্যুর ঘটনা ঘটেনি। হজ বুলেটিন অনুযায়ী, ৪১৫ জন বাংলাদেশি হাজি সৌদি আরবের বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিয়েছেন এবং ১১ জন হাসপাতালে ভর্তি ছিলেন। সৌদি মেডিকেল সেন্টারগুলো ৬৭ হাজার ৮৬ জন হাজিকে স্বাস্থ্যসেবা দিয়েছে এবং মক্কা ও মদিনার আইটি হেল্প ডেস্ক ২৮ হাজার ৪০৫ জন হাজিকে বিভিন্ন তথ্য ও সেবা দিয়ে সহায়তা করেছে। গত ১৮ এপ্রিল প্রথম বহির্গামী ফ্লাইটের মাধ্যমে চলতি বছরের হজ পরিবহন কার্যক্রম শুরু হয় এবং ২১ মে প্রাক হজ ফ্লাইট সম্পন্ন হয়। চলতি বছরের ২৬ মে পবিত্র হজ অনুষ্ঠিত হয়। হজের আনুষ্ঠানিকতা শেষে ৩০ মে থেকে ফিরতি ফ্লাইট শুরু হয় এবং তা আগামী ১ জুলাই পর্যন্ত চলবে। হজ অফিসের তথ্যমতে, এবার বাংলাদেশের জন্য সরকারি ব্যবস্থাপনায় ৪ হাজার ৫৬৫ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ৭৩ হাজার ৯৩৫ জনসহ মোট ৭৮ হাজার ৫০০ জন হজযাত্রীর কোটা বরাদ্দ ছিল।

সাহিত্যচর্চার পাশাপাশি বরিশালের

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কবি সজীব তাওহিদ এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন নব্বই দশকের খ্যাতিমান কবি আল হাফিজ। এছাড়াও উপস্থিত ছিলেন অধ্যক্ষ মাহবুবুল হক, কবি পথিক মোস্তফা, কবি আহমেদ বেলাল, প্রাবন্ধিক মাহমুদ ইউসুফ, কবি সাইফুল্লাহ সাইফসহ সাহিত্যপ্রেমী আরও অনেকে। কবি পথিক মোস্তফা তার রচিত গ্রন্থ "মানুষের নাম থেকে পথিক শব্দটি বাদ দিন" থেকে একটি কবিতা পাঠ করেন। এছাড়াও কবি সজিব তাওহিদ, কবি আহমেদ বেলাল, কবি সাইফুল্লাহ সাইফ তাদের স্বরচিত কবিতা পাঠ করেন শোনান। কবিতা পাঠ ও সাহিত্য আলোচনা ছাড়াও অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল প্রাবন্ধিক মাহমুদ ইউসুফের গবেষণাধর্মী নিবন্ধ পাঠ। তিনি বরিশালের গৌরবময় ইতিহাসের অন্যতম রূপকার ছবি খাঁ-এর জীবন ও কর্ম নিয়ে আলোকপাত করেন এবং আগামীর বরিশাল বিনির্মাণে ইতিহাস থেকে শিক্ষা গ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বাকলা-চন্দ্রদ্বীপ অঞ্চলে জনকল্যাণমূলক উন্নয়ন কর্মকাণ্ডের পথিকৃৎ ছিলেন ছবি খাঁ। তাঁর উদ্যোগে নির্মিত হয় অসংখ্য রাস্তাঘাট, সেতু, সাঁকো, মসজিদ ও বিভিন্ন অবকাঠামো। সে সময় নিরাপদ পানীয় জলের তীব্র সংকট নিরসনে তিনি বহু দীঘি ও পুকুর খননের উদ্যোগ নেন। বর্তমান বরিশাল-মাদারীপুর মহাসড়কের প্রাথমিক রূপায়ণেও তাঁর গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল বলে তিনি উল্লেখ করেন। মাহমুদ ইউসুফ আরও বলেন, কৃষি, শিল্প ও বাণিজ্যের বিকাশে ছবি খাঁ যুগান্তকারী অবদান রেখেছিলেন। বর্তমান সময়ে রাষ্ট্র যেমন তরুণদের উদ্যোক্তা হওয়ার আহ্বান জানায়, তেমনি শত শত বছর আগে বরিশাল অঞ্চলে উদ্যোক্তা তৈরির প্রথম উদ্যোগও গ্রহণ করেছিলেন এই মহৎ ব্যক্তিত্ব। তাঁর দূরদর্শী পরিকল্পনার ফলেই একসময় বাকলা-চন্দ্রদ্বীপ অঞ্চল অর্থনৈতিক সমৃদ্ধি, ঐশ্বর্য ও বাণিজ্যিক খ্যাতিতে সুপ্রসিদ্ধ হয়ে ওঠে। সমকালীন বিদেশি পর্যটকদের ভ্রমণবৃত্তান্তেও সেই সমৃদ্ধির উল্লেখ পাওয়া যায়। সপ্তদশ শতকে জন্ম নিয়েও তাঁর চিন্তা, পরিকল্পনা ও কর্মধারা ছিল সময়ের অনেক অগ্রবর্তী। ইতিহাসের বিচারে তিনি যেন একবিংশ শতাব্দীর একজন আধুনিক নগর পরিকল্পনাবিদ। পরবর্তীতে অধ্যক্ষ মাহবুবুল হক তাঁর স্মৃতিচারণায় বরিশালের বিভিন্ন কীর্তিমান মানুষের কর্ম ও অবদানের কথা তুলে ধরেন। পাশাপাশি তিনি আত্মজীবনীমূলক বিভিন্ন গ্রন্থের গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেন, যা উপস্থিত শ্রোতাদের মধ্যে ব্যাপক আগ্রহের সৃষ্টি করে। কবিতা, সাহিত্য, ইতিহাস ও প্রাণবন্ত আড্ডার সমন্বয়ে শেকড় সাহিত্য সংসদের ১২০১তম আসরটি এক অনন্য পরিবেশে শেষ হয়। উল্লেখ্য, শেকড় সাহিত্য সংসদের নিয়মিত সাহিত্য আসর প্রতি শুক্রবার সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে বরিশাল নগরের বটতলার গোরাচাঁদ দাশ রোডস্থ দৈনিক কীর্তনখোলা পত্রিকা কার্যালয়ে অনুষ্ঠিত হয়। দীর্ঘদিন ধরে এই আসর বরিশালের সাহিত্য-সংস্কৃতিচর্চায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে।

দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ (কালব) এর নবনির্বাচিত ব্যবস্থাপনা কমিটির সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত প্রধান অতিথি কালব এর চেয়ারম্যান আগষ্টিন পিউরিফিকেশনসহ অতিথিবৃন্দ-**কীর্তনখোলা**

মিলন হত্যা মামলার পলাতক

পর থেকেই তারা দীর্ঘদিন আত্মগোপনে ছিলেন। রাজাপুর থানা পুলিশের তদন্ত কর্মকর্তা আব্দুল মালেক হাওলাদার বলেন, "মিলন হত্যা মামলার এজাহারভুক্ত দুই পলাতক আসামিকে গ্রেপ্তার করা হয়েছে। শনিবার সকালে তাদের ঝালকাঠি আদালতে পাঠানো হয়েছে।"

বিধ্বস্ত অর্থনীতি পুনরুদ্ধারে সাহসী বাজেট

মধ্যপ্রাচ্যে অস্থিতিশীলতাসহ আন্তর্জাতিক নানা সংকটের মধ্যেও এমন সময়োপযোগী বাজেট উপস্থাপনের জন্য তাঁকে অভিনন্দন জানাই। এসময় প্রধানমন্ত্রী তারেক রহমানের সাম্প্রতিক মালয়েশিয়া ও চীন সফর নিয়েও কথা বলেন সরকার দলীয় এই সংসদ সদস্য। তিনি বলেন, 'প্রধানমন্ত্রী তারেক রহমানের সাম্প্রতিক মালয়েশিয়া ও চীন সফর বাংলাদেশের কূটনৈতিক অঙ্গনে নতুন মাত্রা যোগ করেছে। বিশেষ করে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক দুই দেশের সম্পর্ককে আরো শক্তিশালী করবে।' এ সফরের জন্য প্রধানমন্ত্রীকে অভিনন্দন ও ধন্যবাদ জানান আলতাফ চৌধুরী।

ত্যাগ-সংগ্রামের রাজনীতিতে

অনুপ্রাণিত হয়ে ছাত্রজীবন থেকেই বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-র রাজনীতির সঙ্গে সম্পৃক্ত হন শরীফ জহির সাজ্জাদ হান্নান। রাজনৈতিক কর্মকাণ্ডের পাশাপাশি সামাজিক ও জনকল্যাণমূলক বিভিন্ন উদ্যোগেও তিনি নিজেকে সম্পৃক্ত রাখেন। ১৯৮৪ সালে স্বৈরাচারবিরোধী আন্দোলনে সক্রিয়ভাবে অংশ নেন তিনি। দলীয় সূত্রে জানা যায়, এরশাদবিরোধী আন্দোলনে অগ্রণী ভূমিকা রাখার কারণে এক মাসের মধ্যে তাঁর বিরুদ্ধে ২৭টি মামলা দায়ের করা হয়। এরপরও তিনি আন্দোলন-সংগ্রাম থেকে পিছিয়ে যাননি। ১৯৯১ সালে তিনি গৌরনদী উপজেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক এবং একই সময়ে বরিশাল জেলা উত্তর যুবদলের সহ-সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হন। ১৯৯৬ সালে বিএনপির মূল ধারার রাজনীতিতে আরও সক্রিয় হয়ে নবগঠিত গৌরনদী পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হন। ২০০১ সালে গৌরনদী পৌর বিএনপির দ্বিবার্ষিক কাউন্সিলে সাধারণ সম্পাদক নির্বাচিত হয়ে পরপর দুই মেয়াদে সফলতার সঙ্গে দায়িত্ব পালন করেন। ২০২২ সালে তাঁকে গৌরনদী উপজেলা বিএনপির সদস্য সচিব হিসেবে মনোনীত করা হয়। বর্তমানে তিনি এ দায়িত্ব পালন করছেন। দলীয় নেতাকর্মীদের দাবি, বিগত সরকারের সময় রাজনৈতিক প্রতিহিংসার শিকার হয়ে তাঁর বিরুদ্ধে ১০টি মামলা দায়ের করা হয়। বিভিন্ন রাজনৈতিক মামলায় তাঁকে ১৪ বার কারাবরণ করতে হয়েছে। তাঁর সমর্থকদের অভিযোগ, রাজনৈতিক কারণে তাঁর বাসভবনে আটবার হামলা হয়েছে এবং বিভিন্ন সময়ে তিনি নিজেও হামলার শিকার হয়ে আহত হন। ১৯৯৬ সালে সরকারি গৌরনদী কলেজ গেট এলাকায় তাঁর মালিকানাধীন একটি দোকানঘর লুটপাট করা হয় বলেও তারা দাবি করেন। হামলা-মামলা ও গ্রেপ্তারের আশঙ্কায় দীর্ঘ সময় তাঁকে নিজ বাড়ির বাইরে বিভিন্ন স্থানে আত্মগোপনে থাকতে হয়েছে বলেও দলীয় সূত্র জানায়। শরীফ জহির সাজ্জাদ হান্নান অতীতে গৌরনদী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন করেন। তাঁর সমর্থকদের দাবি, তিনি জনগণের ভোটে বিজয়ী হলেও তৎকালীন নির্বাচনে অনিয়মের মাধ্যমে ফলাফল পরিবর্তন করা হয়। ২০২১ সালের গৌরনদী পৌরসভা নির্বাচনে বিএনপির ধানের শীষ প্রতীক নিয়ে মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতা করেন তিনি। তাঁর সমর্থকদের অভিযোগ, নির্বাচনের দিন একাধিক কেন্দ্রে তিনি ও তাঁর কর্মীরা তৎকালীন ক্ষমতাসীন দল আওয়ামিলীগ এর নেতাকর্মীদের হাতে হামলা ও লাঞ্ছনার শিকার হন এবং প্রকৃত ভোটের প্রতিফলন ঘটেনি। বার্থী ইউনিয়ন বিএনপির আহ্বায়ক মিজানুর রহমান মিন্টু বলেন, "শরীফ জহির সাজ্জাদ হান্নান একজন ত্যাগী, কর্মীবান্ধব ও দক্ষ সংগঠক। দলের দুঃসময়ে তিনি কখনো নেতাকর্মীদের ছেড়ে যাননি। তৃণমূলে তাঁর গ্রহণযোগ্যতা ও জনপ্রিয়তা অনেক বেশি। বিএনপিকে সংগঠিত রাখতে তাঁর অবদান অনস্বীকার্য।" ?মাহিলাড়া ইউনিয়ন বিএনপির আহ্বায়ক সজল সরকার বলেন, "দলের কঠিন সময়ে তিনি সংগঠনকে ঐক্যবদ্ধ রেখেছেন। তিনি পরিচ্ছন্ন রাজনৈতিক চর্চায় বিশ্বাসী একজন জননেতা। কর্মীদের সুখ-দুঃখে সবসময় পাশে দাঁড়িয়েছেন। জনকল্যাণমূলক কাজের মাধ্যমে তিনি মানুষের আস্থা অর্জন করেছেন। ২০২৪ সালের ছাত্র-জনতার গণঅভ্যুত্থান এবং গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনেও তিনি রাজপথে থেকে নেতৃত্ব দিয়েছেন।" গৌরনদী উপজেলা যুবদলের সদস্য সচিব মাস্টার মনির হোসেন আকন বলেন, "শরীফ জহির সাজ্জাদ হান্নান একজন দূরদর্শী ও দক্ষ সংগঠক। তিনি সবসময় তরুণ প্রজন্মকে নিয়ে ভাবেন। যুবসমাজকে মাদক, সন্ত্রাস ও অপরাধ থেকে দূরে রাখতে তিনি বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রমে সক্রিয় থাকেন। তরুণদের দক্ষ জনশক্তিতে পরিণত করার বিষয়েও তিনি গুরুত্ব দেন। রাজনীতির পাশাপাশি শরীফ জহির সাজ্জাদ হান্নান বিভিন্ন সামাজিক, মানবিক ও জনকল্যাণমূলক কর্মকাণ্ডে নিয়মিত অংশগ্রহণ করেন। অসহায় মানুষের পাশে দাঁড়ানো, শিক্ষাপ্রতিষ্ঠান, ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠানে সম্পৃক্ত থাকা এবং স্থানীয় সমস্যা সমাধানে উদ্যোগী হওয়ার কারণে সাধারণ মানুষের মধ্যেও তাঁর পরিচিতি রয়েছে। আসন্ন গৌরনদী পৌরসভা নির্বাচনকে সামনে রেখে তিনি মেয়র পদে নির্বাচনের প্রস্তুতি নিচ্ছেন বলে স্থানীয় সূত্রে জানা গেছে। তিনি আশা প্রকাশ করেছেন, দীর্ঘদিনের রাজনৈতিক ত্যাগ, আন্দোলন-সংগ্রাম এবং সাংগঠনিক ভূমিকার যথাযথ মূল্যায়ন করবে দল। একই সঙ্গে তিনি দলীয় সিদ্ধান্তের প্রতি পূর্ণ শ্রদ্ধাশীল বলেও জানিয়েছেন। স্থানীয় অনেক বাসিন্দার মতে, পরিচ্ছন্ন ভাবমূর্তি, দীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতা, আন্দোলন-সংগ্রামে সক্রিয় ভূমিকা এবং জনসম্পৃক্ততার কারণে শরীফ জহির সাজ্জাদ হান্নান মেয়র নির্বাচিত হলে গৌরনদী পৌরসভার শিক্ষা, স্বাস্থ্যসেবা, কৃষি, যোগাযোগ ব্যবস্থা, অবকাঠামো উন্নয়ন, মাদক প্রতিরোধ, আইন-শৃঙ্খলা এবং পরিবেশ উন্নয়নে কার্যকর ভূমিকা রাখতে পারবেন। তাদের ভাষায়, যোগ্য, অভিজ্ঞ ও জনবান্ধব নেতৃত্বের মাধ্যমে গৌরনদী পৌরসভাকে একটি আধুনিক ও মডেল পৌরসভায় রূপান্তর করা সম্ভব।

হারিয়েছে

আমার এলএলবি পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্র, যার রেজিস্ট্রেশন নম্বর-18631000964, রোল নং- 9001103, শিক্ষাবর্ষ-2018-2019 জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর হারিয়েছে। বরিশাল কোতয়ালি মডেল থানায় সাধারণ ডায়েরি নং-১৮৪৩, তারিখ: ২৪/০৬/২০২৬।

মোঃ আব্দুল্লা আল সাইফুল
মোবাইল নং- 01738413132

আ. লীগের দেশবিরোধী ষড়যন্ত্রের

শাখার আহ্বায়ক পরিমল কুমার রায়, সদস্য সচিব সুকান্ত চন্দ্র দাসসহ জেলার বিভিন্ন উপজেলা থেকে আগত নেতৃবৃন্দ। বক্তারা বলেন, নিষিদ্ধ ঘোষিত ফ্যাসিস্ট আওয়ামী লীগের দোসররা দেশবিরোধী ষড়যন্ত্র, নৈরাজ্য ও সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনা করছেন। তারা দেশকে অস্থিতিশীল করে তোলার অপচেষ্টা চালাচ্ছেন। তাদের এই কর্মকাণ্ডের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে তাদের আরও কঠোর হাতে দমন করতে হবে। দেশের শান্তি শৃঙ্খলা যারা ভঙ্গ করতে চাইবে তাদেরকে কোন ছাড় দেয়া হবে না।

মৃত্যুফাঁদে বরগুনার

গেছে, ১৯৯৭-৯৮ থেকে ২০০৮-০৯ অর্থবছরের মধ্যে হালকা যান চলাচলের উপযোগী করে জেলার বিভিন্ন এলাকায় বিপুল সংখ্যক লোহার সেতু নির্মাণ করা হয়। কিন্তু দুই দশকের বেশি সময় পার হলেও অধিকাংশ সেতুর বড় ধরনের সংস্কার বা পুনর্নির্মাণ হয়নি। ফলে মরিচা, ক্ষয়, ভাঙন ও কাঠামোগত দুর্বলতায় সেতুগুলো এখন চরম ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। এলজিইডির সর্বশেষ তথ্য অনুযায়ী, বরগুনা জেলায় ৩৫৭টি লোহার সেতু ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত হয়েছে। এর মধ্যে ১৮টি সেতু ইতোমধ্যে ধসে পড়েছে। সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ সেতু রয়েছে আমতলী উপজেলায় ৯৮টি, বরগুনা সদরে ৮১টি, বেতাগীতে ৬৪টি, বামনায় ৪৪টি, পাথরঘাটায় ৩৯টি এবং তালতলীতে ৩১টি। সরেজমিনে জেলার বিভিন্ন এলাকা ঘুরে দেখা যায়, অধিকাংশ সেতুর লোহার বিমে মরিচা ধরে ক্ষয় হয়েছে, কংক্রিটের স্লিপার ভেঙে গেছে, কোথাও রেলিং নেই, আবার কোথাও স্থানীয়রা বাঁশ, কাঠ কিংবা গাছের গুঁড়ি বসিয়ে অস্থায়ীভাবে চলাচলের ব্যবস্থা করেছেন। ভারী যানবাহন তো দূরের কথা, অনেক সেতুতে মোটরসাইকেল বা অটোরিকশা উঠলেই পুরো কাঠামো কেঁপে ওঠে। বরগুনা সদর উপজেলার বড় লবনগোলা-বাঁশবুনিয়া বাজার সংলগ্ন লোহার সেতুটি এর একটি প্রকৃষ্ট উদাহরণ। প্রায় পাঁচ বছর আগে সেতুর লোহার অ্যাঙ্গেল ভেঙে যাওয়ার পর এটি কার্যত চলাচলের অনুপযোগী হয়ে পড়ে। এলজিইডি সেতুর দুই প্রান্তে 'ঝুঁকিপূর্ণ সেতু' সাইনবোর্ড টানিয়ে দায়িত্ব শেষ করলেও স্থায়ী সমাধান হয়নি। পরে বুড়িরচর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ব্যক্তিগত উদ্যোগে আংশিক সংস্কার করায় সীমিতভাবে চলাচল সম্ভব হলেও ভারী যানবাহন এখনও চলতে পারে না। অথচ প্রতিদিন হাজার হাজার মানুষ এই সেতু ব্যবহার করেন। স্থানীয় বাসিন্দা মন্টু চৌধুরী বলেন, 'যখনই এই সেতু পার হই, আগে তওবা পড়ে উঠতে হয়। মনে হয়, এই বুঝি ভেঙে পড়বে। যেকোনো সময় বড় দুর্ঘটনা ঘটতে পারে।' স্থানীয়দের অভিযোগ, বছরের পর বছর ধরে ঝুঁকিপূর্ণ সেতুগুলোর স্থায়ী সংস্কার না হওয়ায় দুর্ভোগ চরমে পৌঁছেছে। বিশেষ করে স্কুল-কলেজগামী শিক্ষার্থী, কৃষিপণ্য পরিবহনকারী, জেলে, গর্ভবতী নারী ও জরুরি রোগীবাহী যানবাহনের জন্য পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক। বর্ষা মৌসুমে ঝুঁকি আরও কয়েকগুণ বেড়ে যায়। জেলা নাগরিক অধিকার সংরক্ষণ কমিটির সাধারণ সম্পাদক ও সাংবাদিক মনির হোসেন কামাল বলেন, 'বরগুনার ঝুঁকিপূর্ণ সেতুগুলো এখন মৃত্যুফাঁদে পরিণত হয়েছে। দ্রুত পুনর্নির্মাণ না হলে যেকোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। মানুষের জীবন রক্ষায় জরুরি ভিত্তিতে কার্যকর উদ্যোগ নেওয়া প্রয়োজন।' এলজিইডি সূত্রে জানা গেছে, জেলার সব ঝুঁকিপূর্ণ সেতু পুনর্নির্মাণে প্রায় ১ হাজার ৪০০ কোটি টাকা প্রয়োজন হবে। এর মধ্যে ১৪২টি সেতুকে অতি জরুরি ভিত্তিতে পুনর্নির্মাণের জন্য চিহ্নিত করা হয়েছে, যার সম্ভাব্য ব্যয় ধরা হয়েছে প্রায় ৬৫০ কোটি টাকা। এ লক্ষ্যে একটি প্রকল্প প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। তবে স্থানীয়দের দাবি, নতুন প্রকল্প অনুমোদনের অপেক্ষায় না থেকে অন্তত সবচেয়ে ঝুঁকিপূর্ণ সেতুগুলোতে জরুরি মেরামত, নিরাপত্তা বেষ্টনী, বিকল্প পারাপারের ব্যবস্থা এবং দ্রুত নতুন কংক্রিটের গার্ডার সেতু নির্মাণ শুরু করা হোক। কারণ প্রতিটি দিন পার হচ্ছে নতুন দুর্ঘটনার শঙ্কা নিয়ে। সচেতন মহলের মতে, উপকূলীয় জেলা বরগুনার কৃষি, মৎস্য, শিক্ষা, স্বাস্থ্যসেবা ও স্থানীয় অর্থনীতির সঙ্গে সড়ক যোগাযোগ ওতপ্রোতভাবে জড়িত। তাই ঝুঁকিপূর্ণ সেতুগুলোর দ্রুত পুনর্নির্মাণ শুধু উন্নয়নের নয়, জননিরাপত্তা নিশ্চিত করারও অন্যতম প্রধান শর্ত। অন্যথায় যেকোনো সময় একটি বড় দুর্ঘটনা গোটা জেলার জন্য অপূরণীয় ক্ষতির কারণ হয়ে দাঁড়াতে পারে।

মেঘনায় অজ্ঞাত যুবকের

নিয়ে যায়। তথ্যের সত্যতা নিশ্চিত করে হিজলা থানার ওসি মো. সোলায়মান হোসেন বলেন, প্রাথমিকভাবে মরদেহের পরিচয় শনাক্ত করা সম্ভব হয়নি। পরিচয় শনাক্তের জন্য পাশ্ববর্তী থানাগুলোতে নিহতের ছবিসহ ম্যাসেজ পাঠানো হয়েছে। ওসি আরও জানিয়েছেন, নিহতের লাশ ময়নাতদন্তের জন্য মর্গে প্রেরণ করা হয়েছে। পাশাপাশি এ ঘটনায় আইনী ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

লোডশেডিংয়ে বরফ সংকট, সাগরে যেতে

পরপরই লোডশেডিং হচ্ছে। এতে বরফ জমাট বাঁধছে না। স্বাভাবিকের তুলনায় প্রায় দ্বিগুণ সময় লাগছে। এতে যেমন উৎপাদন ব্যয় বাড়ছে, তেমনি মানও পড়ে যাচ্ছে। বরফ সংকটের বড় প্রভাব পড়েছে উপকূলীয় মৎস্যবন্দরগুলোয়। বরগুনার পাথরঘাটায় অবস্থিত দেশের দ্বিতীয় বৃহত্তম মৎস্যবন্দর এবং পটুয়াখালীর আলীপুর ও মহিপুর মৎস্য অবতরণকেন্দ্রে প্রতিদিন বিপুল পরিমাণ বরফের প্রয়োজন হয়। তবে চাহিদার তুলনায় অনেক কম বরফ পাওয়া যাচ্ছে। পটুয়াখালী ও বরগুনা মৎস্য বিভাগ সূত্রে জানা গেছে, শুধু বরগুনার পাথরঘাটাতেই বেসরকারি উদ্যোগে প্রায় ৯০টি বরফকল রয়েছে। এ ছাড়া পটুয়াখালীর মহিপুর ও আলীপুর এলাকায় আছে অন্তত ৪০টি বরফকল। বিদ্যুৎ সংকটে এসব কারখানার বেশির ভাগই পূর্ণ সক্ষমতায় চালানো যাচ্ছে না। পাথরঘাটার এম ই আইস ফ্যাক্টরির ব্যবস্থাপক মো. সোহাগ বলেন, 'এখন বরফের চাহিদা সবচেয়ে বেশি। ইলিশ মৌসুম শুরু হয়েছে। কিন্তু বিদ্যুতের অভাবে চাহিদার ৩০ শতাংশ বরফও সরবরাহ করা যাচ্ছে না। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ না থাকায় পানি ঠিকমতো জমাট বাঁধে না। এতে উৎপাদন ব্যয় বেড়ে যায় এবং বরফের মানও ভালো থাকে না, দ্রুত গলে যায়।' পটুয়াখালীর কলাপাড়ার গাজী আইস প্ল্যান্টের মালিক ও মৎস্য ব্যবসায়ী গাজী মজনু বলেন, 'বরফের সংকট এখন তীব্র। পরিস্থিতি কবে স্বাভাবিক হবে, সেটাও বলতে পারছি না।' জেলেরা জানান, একটি ট্রলার সাধারণত টানা সাত দিন বা তারও বেশি সময় সাগরে মাছ ধরে। ট্রলারের মাছ বরফে রাখা হয়। কিন্তু লোডশেডিংয়ের কারণে ঠিকমতো বরফ জমাট বাঁধছে না, ফলে তা দ্রুত গলে যাচ্ছে। বরফ গলে যাওয়ায় মাছ নষ্ট হচ্ছে। পাথরঘাটা মৎস্য অবতরণকেন্দ্রে অপেক্ষমাণ ট্রলারের জেলে আফজাল হোসেন ও হাবিবুর রহমান জানান, বাজার-সদাইসহ সব প্রস্তুতি শেষ করেও শুধু বরফের অভাবে তারা বসে আছেন। কবে বরফ পাবেন, তা নিশ্চিত নয়। বরফ ছাড়া সাগরে যাওয়া সম্ভব হবে না। এ বিষয়ে জানতে চাইলে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির মহাব্যবস্থাপক (জিএম) মোহাম্মদ আবুল কাসেম লোডশেডিংয়ের বিষয়টি স্বীকার করেননি। তিনি বলেন, 'আমাদের তো কোনো লোডশেডিং নেই। তাই বরফ উৎপাদন ব্যাহত হওয়ার কথা নয়।' তবে সরেজমিনে ঘুরে তার এই দাবির সত্যতা পাওয়া যায়নি।

৪২ চিকিৎসকের বিপরীতে

রেফার করা হয়। দীর্ঘ যাত্রাপথে অনেক রোগীর অবস্থার অবনতি ঘটে, এমনকি কেউ কেউ পথেই মারা যান বলেও অভিযোগ রয়েছে। হাসপাতাল সূত্র জানায়, প্রতিদিন বহির্বিভাগে ৪০০ থেকে ৫০০ জনের বেশি রোগী চিকিৎসাসেবা নেন। এ ছাড়া নিয়মিত শতাধিক রোগী ভর্তি থাকেন। ২৪ ঘণ্টা চালু জরুরি বিভাগেও প্রতিদিন বিপুলসংখ্যক রোগী আসেন। শুধু চরফ্যাশন নয়, পার্শ্ববর্তী দ্বীপ উপজেলা মনপুরা থেকেও অনেক রোগী এই হাসপাতালে চিকিৎসা নিতে আসেন। হাসপাতালে ভর্তি চার মাস বয়সী এক শিশুর বাবা সবুজ খান বলেন, তাঁর সন্তান হামে আক্রান্ত হয়ে কয়েকদিন ধরে হাসপাতালে চিকিৎসাধীন। কিন্তু পর্যাপ্ত বিশেষজ্ঞ চিকিৎসক না থাকায় কাঙ্ক্ষিত পরামর্শ পাওয়া যাচ্ছে না। হাসপাতালের টয়লেট ও বিশুদ্ধ পানির সংকটও রয়েছে। সন্তানের অবস্থার উল্লেখযোগ্য উন্নতি না হওয়ায় উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নেওয়ার কথা ভাবছেন তিনি। প্যাথলজি বিভাগ সূত্রে জানা গেছে, প্রয়োজনীয় আধুনিক যন্ত্রপাতির অভাবে অনেক গুরুত্বপূর্ণ পরীক্ষা হাসপাতালের বাইরে করাতে হচ্ছে। এতে রোগীদের অতিরিক্ত অর্থ ব্যয় হচ্ছে। বিভাগটিতে সেল কাউন্টার (ব্লাড কাউন্ট) মেশিন, ল্যাব রোটেটর, আধুনিক মাইক্রোস্কোপ, রেফ্রিজারেটর, সেন্ট্রিফিউজ মেশিন ও বায়োকেমিস্ট্রি অ্যানালাইজারসহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ যন্ত্রপাতির ঘাটতি রয়েছে। ফলে অনেক পরীক্ষা এখনো পুরোনো মাইক্রোস্কোপিক পদ্ধতিতে সম্পন্ন করা হচ্ছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল কর্মকর্তা (আরএমও) ডা. মাকলুকুর রহমান বলেন, ৫০ শয্যার জনবল কাঠামো অনুযায়ী ৪২ মেডিকেল অফিসার থাকার কথা থাকলেও বর্তমানে কর্মরত রয়েছেন ১৬ জন। এ ছাড়া ১০ কনসালট্যান্ট থাকার কথা থাকলেও আছেন মাত্র দুজন অ্যানেসথেসিয়া ও অর্থোপেডিক বিভাগের। জনবল সংকটের কারণে প্রয়োজনীয় ও মানসম্মত চিকিৎসাসেবা নিশ্চিত করতে হিমশিম খেতে হচ্ছে। চরফ্যাশন উপজেলা স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা কর্মকর্তা ডা. শোভন বসাক বলেন, জনবল সংকট থাকা সত্ত্বেও চিকিৎসকরা সর্বোচ্চ আন্তরিকতা নিয়ে মানুষের চিকিৎসাসেবা দিয়ে যাচ্ছেন। স্থানীয়দের দাবি, চরফ্যাশনের বিশাল জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে দ্রুত চিকিৎসক ও বিশেষজ্ঞ চিকিৎসক নিয়োগের পাশাপাশি প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জাম সরবরাহ করা জরুরি।

তামাককে 'না' বললেই গড়া সম্ভব

সামাজিক সচেতনতা বৃদ্ধি এবং সম্মিলিত উদ্যোগও জরুরি। শিক্ষা প্রতিষ্ঠান, পরিবার, গণমাধ্যম ও সামাজিক সংগঠনকে এ বিষয়ে একযোগে কাজ করতে হবে। তামাককে 'না' বললেই গড়ে তোলা সম্ভব একটি সুস্থ, সচেতন ও সমৃদ্ধ সমাজ।" তিনি আরও বলেন, নির্বাচনের সময় দেওয়া ১৮টি প্রতিশ্রুতির মধ্যে দুটি গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতি বাস্তবায়নের পথে রয়েছে। সম্প্রতি একনেক সভায় পিরোজপুরকে অর্থনৈতিক জেলা হিসেবে অনুমোদন দেওয়া হয়েছে। পাশাপাশি পিরোজপুর পর্যন্ত রেল সংযোগ স্থাপনের উদ্যোগও গ্রহণ করা হয়েছে। সভায় বক্তব্য দেন উপজেলা বিএনপির সভাপতি মো. ফরিদ আহম্মেদ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. ননী গোপাল রায়, জিয়ানগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মহাব্বত খান, পিরোজপুর জেলা জামায়াতের সহ-সেক্রেটারি আব্দুর রাজ্জাক, উপজেলা জামায়াতের আমির মো. আলী হোসেন, সেক্রেটারি তাওহীদুল ইসলাম রাতুল, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক এইচ. এম. ফারুক হোসাইন, জিয়ানগর প্রেসক্লাবের সভাপতি নাসির উদ্দীন, জিয়ানগর রিপোর্টার্স ইউনিটির সভাপতি মো. শাহিদুল ইসলাম, জিয়ানগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান খান এবং জিয়ানগর রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক মো. মারুফুল ইসলামসহ বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা। সভাশেষে প্রধান অতিথি উপজেলার চাড়াখালী ব্রিজের নিচে নির্মিত শিশু পার্ক এবং ঘোষেরহাট বাজারের ব্রিজ উদ্বোধন করেন। পরে তিনি জিয়ানগর বাজারে পরিচ্ছন্নতা অভিযানে অংশ নেন এবং পরিবেশ পরিচ্ছন্ন রাখতে সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানান।

ইউনিয়ন পরিষদ, প্রাথমিক বিদ্যালয়সহ

ঘটছে। ঘোপখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মোসা. মোর্শেদা বেগম বলেন, চোর চক্র বিদ্যালয়ের তালা ভেঙে ঢুকে আলমারি থেকে একটি ল্যাপটপ এবং সেখানে রাখা নৈশপ্রহরী বাক্?প্রতিবন্ধী মহিউদ্দীনের ২০ হাজার টাকা চুরি করে। এ ঘটনায় থানায় একটি সাধারণ ডায়েরি করেছি। নৈশপ্রহরী তাঁর দায়িত্ব রেখে কোথায় গিয়েছিলেন জানতে চাইলে প্রধান শিক্ষিকা বলেন, প্রতিবন্ধী মানুষ, রাতে তাঁর ব্যক্তিগত জরুরি কাজে বাড়িতে গিয়েছিলেন। আড়পাঙ্গাশিয়া ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা মো. জাকির হোসেন বলেন, পরিষদে রাখা একটি ল্যাপটপ ও ২০ হাজার টাকা চুরি হয়েছে। পাশাপাশি আলমারির ভেতরে রাখা সব কাগজপত্র তছনছ করা হয়েছে। আড়পাঙ্গাশিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোসা. সোহেলী পারভীন মালা বলেন, চোর চক্র ল্যাপটপ, টাকাসহ গুরুত্বপূর্ণ কাগজপত্র নিয়ে গেছে। কিছু কাগজপত্র পথে পাওয়া গেছে। আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইয়াকুব আলী বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়েছি। দ্রুততম সময়ের মধ্যে ঘটনার সঙ্গে জড়িতদের গ্রেপ্তার করে আইনের আওতায় আনা হবে।

খাদ্য নিরাপত্তায় বাংলাদেশকে

(১১০ কোটি) মার্কিন ডলারের দুটি প্রকল্প অনুমোদন করেছে বিশ্বব্যাংক। শনিবার (২৭ জুন) বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বাংলাদেশ ও ভুটানের জন্য নিযুক্ত বিশ্বব্যাংকের ডিভিশন ডিরেক্টর জঁ পেম বলেন, মধ্যপ্রাচ্যের চলমান সংকটের কারণে খাদ্য, সার ও জ্বালানির মূল্যবৃদ্ধির পাশাপাশি রাজস্ব আয় সংকুচিত হওয়ায় বাংলাদেশের অর্থনীতি চাপে পড়েছে। এর সবচেয়ে বেশি প্রভাব পড়েছে ক্ষুদ্র কৃষক এবং দরিদ্র ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর ওপর। তিনি বলেন, এ পরিস্থিতি মোকাবিলায় বিশ্বব্যাংক তাৎক্ষণিক সহায়তা নিয়ে এগিয়ে এসেছে। অনুমোদিত প্রকল্পগুলো ধান উৎপাদনের জন্য সারের সরবরাহ নিশ্চিত করতে, সাধারণ মানুষের কর্মসংস্থান ও জীবিকা সুরক্ষায় সহায়তা করতে এবং জরুরি সেবাগুলো সচল রাখতে ভূমিকা রাখবে। 'ইমার্জেন্সি সাপোর্ট ফর ফুড সিকিউরিটি প্রজেক্ট' বা খাদ্য নিরাপত্তার জন্য জরুরি সহায়তা প্রকল্পের আওতায় ৩০০ মিলিয়ন (৩০ কোটি) ডলারের সাময়িক অর্থায়ন করা হবে। এ অর্থ দিয়ে অক্টোবর ২০২৬ থেকে এপ্রিল ২০২৭ মেয়াদে আমন ও বোরো মৌসুমের জন্য অত্যন্ত প্রয়োজনীয় সার আমদানি করতে পারবে। বাংলাদেশ তার প্রয়োজনীয় সারের ৮৫ শতাংশেরও বেশি আমদানি করে। এ প্রকল্পের অধীনে ৬ লাখ মেট্রিক টন জরুরি সার আমদানি করা হবে, যার অর্ধেকই ইউরিয়া। এর মাধ্যমে ক্ষুদ্র কৃষকদের চাষাবাদ করা ১৪ লাখ হেক্টর ধান উৎপাদন জমি উপকৃত হবে। প্রকল্পটির টাস্ক টিম লিডার এবং বিশ্বব্যাংকের লিড ইকোনমিস্ট সুলেইমান কুলিবালি বলেন, ?'বাংলাদেশের খাদ্য নিরাপত্তা মূলত আমন ও বোরো মৌসুমের ওপর নির্ভরশীল, যা দেশের মোট ধান উৎপাদনের প্রায় ৯০ শতাংশ। এছাড়া দেশের প্রায় অর্ধেক জনগোষ্ঠী কৃষি খাতের সঙ্গে জড়িত। ফলে সারের সরবরাহে যে কোনো ধরনের বিঘ্ন শুধু খাদ্য নিরাপত্তাকেই হুমকির মুখে ফেলবে না, বরং দারিদ্র্য বাড়াবে এবং কর্মসংস্থান সংকুচিত করবে।' 'কন্টিনজেন্ট ইমার্জেন্সি রেসপন্স প্রজেক্ট' বা জরুরি পরিস্থিতি মোকাবিলা প্রকল্পের আওতায় ৭১৩ মিলিয়ন (৭১.৩ কোটি) ডলার দ্রুত বিতরণ করা হবে। এ অর্থ দিয়ে ক্ষতিগ্রস্ত পরিবার এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পগুলো নগদ অর্থ সহায়তা এবং জীবিকা নির্বাহের অনুদান দেওয়া হবে, যা সংকটের সময়ে তাদের আয় স্থিতিশীল রাখতে এবং কর্মসংস্থান ধরে রাখতে সাহায্য করবে। এছাড়া খাদ্য, ওষুধ ও চিকিৎসা সরঞ্জাম, জ্বালানি ও পানির মতো জরুরি সেবাগুলো সচল রাখতে এটি অর্থায়ন করবে। এই প্রকল্পের অর্থ ২০২৬ সালের ৩০ জুনের মধ্যে বিতরণ করা হবে। প্রকল্পটির টাস্ক টিম লিডার এবং বিশ্বব্যাংকের লিড ডিজাস্টার রিস্ক ম্যানেজমেন্ট স্পেশালিস্ট লেসলি জিন ইউ কর্ডেরো বলেন, "বিশ্বব্যাংকের 'ক্রাইসিস প্রিপেয়ার্ডনেস অ্যান্ড রেসপন্স টুলকিট'র মাধ্যমে এই প্রকল্পটি বাংলাদেশকে তাৎক্ষণিকভাবে তহবিল ব্যবহারের সুযোগ করে দেবে। বিদ্যমান প্রকল্পগুলোর অব্যবহৃত অর্থ পুনঃব্যবহারের মাধ্যমে সবচেয়ে বেশি প্রয়োজন যেখানে সেখানে সম্পদ বণ্টন করা হবে। ফলে যে কোনো ধাক্কা বা সংকট থেকে মানুষ, ব্যবসা এবং কর্মসংস্থান রক্ষা করা সম্ভব হবে।"

শান্তিচুক্তির 'প্রকাশ্য লঙ্ঘন'

জানানো হয়। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, ইরানের উপকূলীয় নজরদারি স্থাপনাগুলোকে লক্ষ্য করে চালানো এসব নৃশংস হামলা যুদ্ধ শেষ করার সমঝোতা স্মারকের একটি প্রকাশ্য লঙ্ঘন। মার্কিন সামরিক বাহিনী জানিয়েছে, কৌশলগত হরমুজ প্রণালি দিয়ে যাওয়া একটি পণ্যবাহী জাহাজে ইরানের হামলার জবাবে তাদের বাহিনী শুক্রবার ইরানের ক্ষেপণাস্ত্র ও ড্রোন মজুতকেন্দ্র এবং উপকূলীয় রাডার অবস্থানে হামলা চালিয়েছে। এদিকে বাহরাইনের ভূখণ্ডে ড্রোন হামলা চালিয়েছে ইরান। বাহরাইনের পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, তারা ভোরে চালানো ইরানি ড্রোন হামলার তীব্র নিন্দা জানাচ্ছে এবং এটিকে সার্বভৌমত্ব ও আন্তর্জাতিক আইনের 'গুরুতর লঙ্ঘন' হিসেবে বর্ণনা করেছে। এক বিবৃতিতে বলা হয়েছে, বেশ কয়েকটি ড্রোন দিয়ে তাদের ভূখণ্ড লক্ষ্য করে হামলা চালানো হয়েছে। তবে এর সঠিক অবস্থান বা লক্ষ্যবস্তুর প্রকৃতি নির্দিষ্ট করে বলা হয়নি। বিবৃতিতে আরও বলা হয়েছে, এই ঘটনা বেসামরিক নাগরিকদের জীবন বিপন্ন করছে এবং আঞ্চলিক উত্তেজনা প্রশমনের প্রচেষ্টাকে ব্যাহত করছে।

বরিশালে জামায়াতের মাদকবিরোধী

সভাপতিত্বে অনুষ্ঠিত এই র‍্যালিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী বরিশাল মহানগরীর সেক্রেটারি মাওলানা মতিউর রহমান। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, মাদক সমাজ, পরিবার ও রাষ্ট্রের জন্য এক ভয়াবহ অভিশাপ। একটি সুস্থ, সুন্দর ও নৈতিক সমাজ গঠনে মাদকের বিরুদ্ধে সর্বস্তরের মানুষকে ঐক্যবদ্ধ হতে হবে। যুবসমাজকে মাদক থেকে দূরে রাখতে পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক সংগঠন এবং রাষ্ট্রকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানানো হয়। তিনি আরও বলেন, খেলাধুলা, নৈতিক শিক্ষা ও সামাজিক সচেতনতার মাধ্যমে তরুণ প্রজন্মকে মাদকমুক্ত জীবন গঠনে উদ্বুদ্ধ করতে হবে। এ ধরনের জনসচেতনতামূলক কর্মসূচি ভবিষ্যতেও অব্যাহত থাকবে। যুব বিভাগের সেক্রেটারি এ্যাডভোকেট কাওসার হোসাইনের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, সদর উপজেলা জামায়াতের আমীর মাওলানা শফিউল্লাহ তালুকদার, কোতোয়ালি দক্ষিণ থানা সভাপতি আবু বকর সিদ্দিক, কোতোয়ালি উত্তর থানা সভাপতি সৈয়দ মোহাব্বত উল্লাহ মাহেত, বিমানবন্দর থানা সভাপতি মো. শাহজালাল, সদর উপজেলা সভাপতি মিজানুর রহমান, কোতোয়ালি থানা জামায়াতের কর্মপরিষদ সদস্য বায়জীদ বোস্তামী, আব্দুস সত্তার খান প্রমুখ নেতৃবৃন্দ। র?ালিতে বাংলাদেশ জামায়াতে ইসলামী বরিশাল মহানগরীর নেতৃবৃন্দ, যুব ও ক্রীড়া বিভাগের দায়িত্বশীলবৃন্দ এবং বিভিন্ন স্তরের কর্মীরা উপস্থিত ছিলেন।

ট্রাকভর্তি সরকারি বই-খাতা

দেয়। সংবাদ পেয়ে মঠবাড়িয়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুদীপ্ত দেবনাথ ঘটনাস্থলে গিয়ে সরকারি বইসহ ট্রাকটি জব্দ করেন। এসময় প্রতিষ্ঠানের ব্যবস্থাপক মোহাম্মদ উল্লাহ জানান, জাকারিয়া হাওলাদার নামে এক ফেরিওয়ালা মঠবাড়িয়ার তুষখালী রোডের ভাঙারি ব্যবসায়ী প্রতিষ্ঠান মেসার্স হান্নান এন্টারপ্রাইজের কাছে এই বই ও খাতাগুলো বিক্রি করেন। প্রতিষ্ঠানটি এলাকায় পুরোনো ব্যাটারি, লোহা, কাগজ ও প্লাস্টিক কেনাবেচা করে। এছাড়াও বিভিন্ন ফেরিওয়ালাদের কাছ থেকে ২ কেজি থেকে শুরু করে ৫/১০ কেজি করে দেড় বছর ধরে কিনছেন। ফেরিওয়ালা জাকারিয়া জানান, প্রায় এক সপ্তাহ আগে মঠবাড়িয়া সরকারি হাতেম আলী বালিকা বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আকতার হোসেনের কাছ থেকে ২০২৫ শিক্ষাবর্ষের নতুন বইসহ সর্বমোট ৫৮৭ কেজি সরকারি বই ও খাতা কয়েক হাজার টাকায় কিনেছিলেন তিনি। অভিযুক্ত ফেরিওয়ালা জাকারিয়া গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলার উত্তর হিরণ গ্রামের ঠান্ডা মিয়া হাওলাদারের ছেলে। এ বিষয়ে বক্তব্য জানতে সরকারি হাতেম আলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আকতার হোসেনের মোবাইলে একাধিকবার কল দিয়ে যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি রিসিভ করেননি। তবে প্রশাসনের প্রাথমিক জিজ্ঞাসাবাদে তিনি দাবি করেছেন, দুজন শিক্ষককে সঙ্গে নিয়ে কিছু পুরোনো বই মাত্র ৩ হাজার ২০০ টাকায় বিক্রি করেছিলেন। অভিযান শেষে সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুদীপ্ত দেবনাথ জানান, বইসহ ট্রাকটি জব্দ করে থানা হেফাজতে রাখা হয়েছে। যেহেতু বিষয়টি মোবাইল কোর্টের আওতাভুক্ত নয়, তাই আগামী রোববার অফিস চলাকালীন সময়ে উপজেলা পুরাতন বই বিক্রি কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারের কাছে এ সংক্রান্ত তদন্ত প্রতিবেদন জমা দেওয়া হবে। তিনিই পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন। উপজেলা শিক্ষা অফিসার মো. জাহাঙ্গীর হোসেন বলেন, আমি এ বিষয়ে কিছু জানি না। আমার কাজ আছে, এখন কিছু বলতে পারব না। এ প্রসঙ্গে মঠবাড়িয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আকলিমা আক্তার বলেন, চাহিদা অনুযায়ী বিদ্যালয়ে বই দেওয়া হয়, তাই অতিরিক্ত বই থাকার কথা নয়। আর যদি অতিরিক্ত বই থেকে থাকে, তবে তা বিক্রি করতে হলে উপজেলা কমিটিকে অবহিত করে নিলামের মাধ্যমে বিক্রি করতে হবে। প্রধান শিক্ষক বই বিক্রির বিষয়ে আমাকে কিছুই জানাননি। সহকারী কমিশনারের (ভূমি) প্রতিবেদন পাওয়ার পর কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

মুলাদীতে মিথ্যা মামলা

মিথ্যা মামলা এবং এলাকায় মাদক বিস্তারের মাধ্যমে সাধারণ মানুষকে হয়রানি করছেন। তাঁর বিরুদ্ধে কেউ প্রতিবাদ করলেই মামলা ও হামলার শিকার হতে হয় বলেও দাবি করেন তিনি। ফাতেমা বেগম বলেন, তাঁর স্বামী নয়ন হাওলাদারের বিরুদ্ধে জয়নাল আবেদীন অন্তত ৯টি মিথ্যা মামলা করেছেন। এসব মামলার কারণে তাঁদের বাড়িঘরও দখল হয়ে গেছে বলে অভিযোগ করেন তিনি। লালচান আকন বলেন, তিনি কৃষিকাজ করে জীবিকা নির্বাহ করেন। তাঁর দাবি, ৬০ লাখ টাকা ধার নেওয়ার ভুয়া স্ট্যাম্প তৈরি করে তাঁর বিরুদ্ধে আদালতে মামলা করা হয়েছে। কুলসুম আক্তার অভিযোগ করেন, তাঁর স্বামী আব্দুল খালেক আকনের কেনা জমি জোরপূর্বক দখল করা হয়েছে। বিষয়টি নিয়ে স্থানীয়ভাবে সালিসের উদ্যোগ নেওয়ার পর তাঁদের পরিবারের সদস্যদের বিরুদ্ধে ১৬টি মামলা করা হয়। তবে অভিযোগ অস্বীকার করেছেন জয়নাল আবেদীনের স্ত্রী নাছরিন আক্তার। তিনি বলেন, তাঁর স্বামী কেন্দ্রীয় প্রজন্ম লীগের সহ-অর্থবিষয়ক সম্পাদক। আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত থাকায় তাঁকে গ্রেপ্তার করা হয়েছে। মানববন্ধনে তাঁর বিরুদ্ধে যেসব অভিযোগ আনা হয়েছে, সেগুলো সঠিক নয় বলে দাবি করেন তিনি। মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. সোহেল রানা বলেন, জয়নাল আবেদীনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা থাকায় তাঁকে গ্রেপ্তার করা হয়েছে। মানববন্ধনে করা অভিযোগের বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

প্রধানশিক্ষকের ব্যাগে মিড-ডে

কর্মকর্তা মোস্তফা কামাল বিষয়টির সত্যতা নিশ্চিত করেন। তিনি জানান, সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিও প্রশাসনের নজরে আসার পর উপজেলা শিক্ষা কর্মকর্তা রুহুল আমিন এবং সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তাদের সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে দ্রুত ঘটনাস্থল পরিদর্শন করে প্রতিবেদন জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে। জানা গেছে, গত বৃহস্পতিবার (২৫ জুন) বিকেলে বিদ্যালয় ছুটির পর বাড়ি ফেরার সময় রানিরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধানশিক্ষক রেশমা আক্তারকে স্থানীয় কয়েকজন আটকিয়ে তাঁর ব্যাগ তল্লাশি করেন। অভিযোগ অনুযায়ী, ব্যাগ থেকে শিক্ষার্থীদের জন্য সরকারি বরাদ্দের দুই ডজন ডিম ও ২২টি রুটি পাওয়া যায়। পরদিন শুক্রবার (২৬ জুন) এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে বিষয়টি ব্যাপক আলোচনার জন্ম দেয়। স্থানীয়দের দাবি, ওই প্রধানশিক্ষকের বিরুদ্ধে দীর্ঘদিন ধরেই শিক্ষার্থীদের জন্য বরাদ্দ খাদ্যসামগ্রী নিয়মিত আত্মসাতের অভিযোগ রয়েছে। ভাইরাল হওয়া ভিডিওতে দেখা যায়, স্থানীয়দের অনুরোধে প্রথমে ব্যাগ দেখাতে অনীহা প্রকাশ করেন তিনি। পরে ব্যাগ খুলে দিলে সেখান থেকে ডিম ও রুটি বেরিয়ে আসে। বাকেরগঞ্জ উপজেলা শিক্ষা কর্মকর্তা রুহুল আমিন বলেন, স্কুল ফিডিং কর্মসূচির খাবার আত্মসাতের অভিযোগ গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে। তদন্তে অভিযোগের সত্যতা পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রধানশিক্ষকের বিরুদ্ধে বিধি অনুযায়ী প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এ বিষয়ে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোস্তফা কামাল বলেন, তদন্ত কমিটির প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে। অভিযোগের বিষয়ে জানতে চাইলে প্রধানশিক্ষক রেশমা আক্তার অভিযোগ অস্বীকার করেন। তাঁর দাবি, বিদ্যালয়ের পরিচালনা কমিটি নিয়ে স্থানীয় কয়েকজনের সঙ্গে বিরোধের জেরেই এ ঘটনা ঘটানো হয়েছে। পরে তিনি ফোনের সংযোগ বিচ্ছিন্ন করে দেন।

জাল সনদধারী শিক্ষকদের

মাটিভাংগা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (গণিত) হিসেবে কর্মরত থাকাকালীন মোঃ সাহার আলী গোলদার (ইনডেক্স নম্বর: ১০৪৮৬৯৪) জাল সনদ ব্যবহার করে পরবর্তীতে সহকারী শিক্ষক হিসেবে যোগদান করেন। ২০১০ সালের ৮ জুন থেকে ২০২২ সালের জুন মাস পর্যন্ত সুদীর্ঘ ১২ বছর তিনি ওই প্রতিষ্ঠানে জালিয়াতির মাধ্যমে সরকারি বেতন-ভাতা (এমপিও) উত্তোলন করে রাষ্ট্রীয় অর্থ আত্মসাৎ করেছেন। ২০২২ সালে শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ) কর্তৃক প্রকাশিত জাল সনদধারীদের চূড়ান্ত তালিকায় তার এই জালিয়াতি প্রমাণিত হয় এবং তালিকায় তার সিরিয়াল নম্বর ছিল ৪৮৬। তদন্ত শেষে তাকে ১০,৬১,১০০/- (দশ লাখ একষট্টি হাজার একশত) টাকা সরকারি কোষাগারে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছিল। এ বিষয়ে অভিযুক্ত শিক্ষক সাহার আলী গোলদারের কাছে মুঠোফোনে জানতে চাওয়া হলে তিনি অত্যন্ত ধৃষ্টতার সাথে জালিয়াতির বিষয়টি স্বীকার করে বলেন, "জাল সনদের তালিকায় আমার নাম এসেছিল ঠিকই, তবে আমি এক সচিবের মাধ্যমে মন্ত্রণালয় থেকে আমার নাম মুছে ফেলেছি।" তবে কোন সচিবের মাধ্যমে এবং কোন আইনি প্রক্রিয়ার বাইরে গিয়ে এই নাম মোছা হয়েছে, সে বিষয়ে তিনি কোনো সদুত্তর দিতে পারেননি। মোসলেম মাটিভাংগা মাধ্যমিক বিদ্যালয়ের বর্তমান প্রধান শিক্ষক জাহিদুল ইসলামের কাছে এ বিষয়ে জানতে চাওয়া হলে তিনি ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, "সাহার আলী গোলদার জাল সনদ দিয়েই ২০২২ সালের জুন মাস পর্যন্ত আমার প্রতিষ্ঠানে চাকরি করেছেন। শিক্ষা বোর্ড বা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে যদি আমাকে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য কোনো নির্দেশনা প্রদান করা হয়, তবে আমি তাৎক্ষণিকভাবে তার বিরুদ্ধে মামলা দায়ের করব।" এদিকে একজন চিহ্নিত জাল সনদধারী শিক্ষক কীভাবে এক যুগেরও বেশি সময় ধরে রাষ্ট্রীয় কোষাগারের অর্থ আত্মসাৎ করার পরও শাস্তির মুখোমুখি না হয়ে পার পেয়ে যানড়তা নিয়ে স্থানীয় সচেতন মহল ও সাধারণ মানুষের মনে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। বর্তমানে সাহার আলী গোলদার 'নয়াখালী মাটিভাংগা টেকনিক্যাল স্কুল'-এ যুক্ত রয়েছেন বলে জানা গেছে। তবে উক্ত প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতির সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, উক্ত শিক্ষকের জাল সনদের এই চাঞ্চল্যকর বিষয় বা পূর্বের অর্থ আত্মসাতের বিষয়ে তারা কিছুই জানতেন না। ?সার্বিক বিষয়ে ভাণ্ডারিয়া উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) হাসিবুল হাসানের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সাংবাদিকদের জানান, "বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে দেখা হচ্ছে। আমরা পুরো ঘটনার সত্যতা তদন্ত করে দেখছি এবং আইন অনুযায়ী পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।" ?কোন অদৃশ্য শক্তির জোরে শিক্ষা মন্ত্রণালয়ের চূড়ান্ত তালিকা থেকে নাম কাটার দাবি করেন এই শিক্ষক, তা খুঁজে বের করে এই অসাধু চক্রের মুখোশ উন্মোচন এবং সরকারি অর্থ উদ্ধারে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন মহলের আশু হস্তক্ষেপ ও সুষ্ঠু তদন্তের দাবি জানিয়েছেন ভাণ্ডারিয়াবাসী।

মুলাদীতে জামায়াতের যুব

আলম, এসিস্ট্যান্ট সেক্রেটারি মাওলানা আব্দুল মোতালেব, অধ্যক্ষ আবদুল্লাহ আহাদ, উপজেলা অফিস সম্পাদক মাওলানা মাঈনুদ্দিন, মুলাদী পৌর আমীর অধ্যক্ষ মোঃ হুমায়ুন কবির, উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মো: আলাউদ্দিন প্যাদা ও উপজেলা যুব বিভাগের সেক্রেটারী মো: বায়েজিদ হোসেনসহ কয়েকশত কর্মী উপস্থিত ছিলেন। প্রধান অতিথি উপজেলা জামায়াতের আমির মাও: মো: আবু ছালেহ বলেন, মাদক আজ সমাজ ও তরুণ প্রজন্মের জন্য ভয়াবহ হুমকিতে পরিণত হয়েছে। মাদকের ছোবল থেকে যুবসমাজকে রক্ষা করতে হলে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার পাশাপাশি প্রশাসনকেও কার্যকর ভূমিকা রাখতে হবে, মাদক একটি সমাজ ও রাষ্ট্রবিরোধী ব্যাধি। এর বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। জাতীয় বাজেটে মাদকের মূল্য বৃদ্ধির প্রসঙ্গ তুলে ধরে বলেন, শুধু মূল্য বৃদ্ধি করলেই মাদকসেবন কমবে না, বরং মাদককে সম্পূর্ণ নিষিদ্ধ করার উদ্যোগ নিতে হবে। অনুষ্ঠানের সভাপতি প্রভাষক মা. দিদারুল আহসান বলেন, মাদকাসক্তি সামাজিক শান্তি ও সমৃদ্ধির অন্তরায়। মাদকাসক্তি রুখবোই সুন্দর, সমৃদ্ধ ও নিরাপদ আগামীর বাংলাদেশ গড়বোই। মাদকাসক্তি মানুষের শারীরিক, পারিবারিক ও সামাজিক জীবনকে সম্পূর্ণ ধ্বংশ করে দেয়। এ থেকে বাঁচতে হলে ব্যক্তিগত সচেতনতা ও পারিবারিক নৈতিক শিক্ষা প্রয়োজন। মাদকমুক্ত সমাজ গঠনে দলমত নির্বিশেষে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। তিনি প্রতিবেশী দেশ ভারতের সমালোচনা করে বলেন, ভারত আমাদের পানি আটকে রাখে, আবার মাদকও পাঠায়। আমরা ইলিশ, আম ও কাঁঠাল পাঠাই, তারা পাঠায় মাদক। আমরা চাই, মাদক পাঠানো বন্ধ হোক। জাতির মূল্যবান সম্পদ তথা দেশের যুব শক্তিকে মাদক থেকে দুরে রাখতে যুব সমাজকে সৃজনশীল কাজে সম্পৃক্ত করতে সকলকে আহবান জানানো হয়।

ভরা মৌসুমেও মেঘনায় মিলছে না কাঙ্ক্ষিত ইলিশ, দুশ্চিন্তায় মনপুরার জেলে পরিবার

মনপুরা প্রতিনিধি

বর্ষার ভরা মৌসুম। এ সময়ে মেঘনা নদীতে জাল ফেললেই ঝাঁকে ঝাঁকে ইলিশ ধরা পড়ার কথা। সেই মাছে সরগরম থাকার কথা নদীর ঘাট ও আড়ত। কিন্তু এবার ভিন্ন চিত্র। ভোলার মনপুরা উপজেলার মেঘনা নদীতে কাঙ্ক্ষিত ইলিশ মিলছে না। এতে দুশ্চিন্তায় পড়েছেন হাজারো জেলে। মাছের সংকটে বাড়ছে ঋণের বোঝা, লোকসানের মুখে পড়েছেন মৎস্য ব্যবসায়ীরাও। সকাল থেকে দুপুর পর্যন্ত উপজেলার রামনেওয়াজ মৎস্যঘাট, হাজিরহাট মৎস্যঘাট, দক্ষিণ সাকুচিয়া জনতা বাজার মৎস্যঘাট, মাঝেরঘাট, উত্তর সাকুচিয়া ইউনিয়নের খারির খালসহ চরাঞ্চলের বিভিন্ন জেলেপল্লি ঘুরে এমন চিত্র দেখা গেছে। জেলেরা জানান, প্রতিদিন ভোর থেকে গভীর রাত পর্যন্ত নদীতে জাল ফেললেও আশানুরূপ ইলিশ মিলছে না। কেউ অল্প কিছু মাছ নিয়ে ফিরছেন, আবার কেউ ফিরছেন প্রায় খালি হাতে। মাছ বিক্রির অর্থ দিয়ে অনেকেরই জ্বালানি তেল, বরফ ও শ্রমিকের খরচ উঠছে না। ফলে দিন দিন বাড়ছে আর্থিক সংকট। ধারদেনা ও এনজিওর ঋণের চাপও বাড়ছে জেলে পরিবারগুলোর ওপর। মাঝেরঘাট এলাকার জেলে আব্দুল করিম বলেন, 'প্রতিদিন নদীতে যাই, কিন্তু মাছ খুব কম পাচ্ছি। আগে এক জালে যত ইলিশ উঠত, এখন কয়েকবার জাল ফেলেও তত মাছ পাওয়া যায় না। সংসার চালানো খুব কষ্ট হয়ে যাচ্ছে।' জনতা বাজার মৎস্যঘাটের জেলে মো. সেলিম বলেন, 'তেল, বরফ ও খাবারের খরচ অনেক বেড়েছে। নদীতে গিয়ে যদি মাছই না পাই, তাহলে পরিবার নিয়ে কীভাবে চলব? এখন আমরা খুবই দুশ্চিন্তায় আছি।' ইলিশের সংকটের প্রভাব পড়েছে স্থানীয় মাছঘাট ও আড়তগুলোতেও। সরবরাহ কমে যাওয়ায় আগের মতো কর্মচাঞ্চল্য নেই। এতে ব্যবসায়ীরাও লোকসানের মুখে পড়েছেন। রামনেওয়াজ মৎস্যঘাটের ব্যবসায়ী মমিন তালুকদার বলেন, 'ভরা মৌসুমে সাধারণত ঘাট ইলিশে ভরে থাকে। এবার সেই তুলনায় মাছ অনেক কম আসছে। ফলে ব্যবসায় মন্দা চলছে, প্রতিদিন লোকসান গুনতে হচ্ছে।' মনপুরা উপজেলা মৎস্য কর্মকর্তা উজ্জ্বল বণিক বলেন, 'ইলিশের চলাচল অনেকটাই নদীর পরিবেশ, জোয়ার-ভাটা ও আবহাওয়ার ওপর নির্ভরশীল। মৌসুম এখনো শেষ হয়নি। আগামী দিনগুলোতে অনুকূল পরিবেশ সৃষ্টি হলে ইলিশের পরিমাণ বাড়তে পারে বলে আমরা আশাবাদী।'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত বরিশাল

২৮/০৬/২০২৬ খ্রিঃ

পলাতক আসামীদের আদালতে হাজির হওয়ার বিজ্ঞপ্তি

যেহেতু নিম্ন তফসিলে উল্লেখিত আসামীদের বিরুদ্ধে তাদের নামের পাশের ১নং কলামে বর্ণিত মামলায় গ্রেফতারী পরোয়ানা জারী রয়েছে এবং ১৮৯৮ সনের ফৌজদারী কার্যবিধির ৮৭ ও ৮৮ ধারার বিধান মোতাবেক উল্লেখিত আসামীদের বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। যেহেতু বিজ্ঞ আদালতের বিশ্বাস করার কারণ রয়েছে যে, ৪নং কলামের আসামীরা পলাতক হয়েছে অথবা নিজে আত্মগোপন করেছে। যেহেতু, উক্ত আসামীরা গ্রেফতার হয়ে বিচারের জন্য আদালতে সোপর্দ হওয়ার আশু সম্ভাবনা নাই। সেহেতু বিজ্ঞ আদালতের আদেশের মর্মমতে ফৌজদারী কার্যবিধির ৩৩৯/বি(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলের ৪নং কলামের আসামীদেরকে ১নং কলামে বর্ণিত মামলায় বিচারের জন্য অত্র বিজ্ঞ জারী হওয়ার ১৫(পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট আদালতে হাজির হওয়ার জন্য এতদ্বারা নির্দেশ দেওয়া যাইতেছে। অন্যথায় তাদের অনুপস্থিতিতে বিচারকার্য সম্পন্ন করা হবে।

তফসিল

মামলা নং	বিচারাধীন আদালতের নাম	ধারা	পলাতক আসামীর নামও ঠিকানা
সি আর মামলা নং ২৭৫/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলী আদালত-১	১৮৮১ সনের এন আই অ্যাক্টের ১৩৮ ধারা	মোঃ মাইদুল, পিতাঃ আনোয়ার ফকির, সাকিনঃ আন্দার মানিক, পোঃ আন্দার মানিক ৮২৭০, থানাঃ মেহেন্দীগঞ্জ জেলাঃ বরিশাল।
সি আর মামলা নং ২৭৬/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলী আদালত-১	১৮৮১ সনের এন আই অ্যাক্টের ১৩৮ ধারা	মাহফুজা স্বামীঃ আঃ কাশেম, সাকিনঃ পোনাহুড়া, পোঃ ছিটকা ৮৬২৩, থানাঃ বরিশাল সদর, জেলাঃ বরিশাল।
সি আর মামলা নং ২০১২/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলী আদালত-১	১৮৮১ সনের এন আই অ্যাক্টের ১৩৮ ধারা	মোসাঃ পারভীন বেগম, স্বামীঃ আনোয়ার হোসেন, সাকিনঃ মহিষখোলা. পোঃ হরিনাথপুর ৮২৬১, থানাঃ হিজলা, জেলাঃ বরিশাল।
সি আর মামলা নং ২০২১/২০২৩	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমলী আদালত-১	১৮৮১ সনের এন আই অ্যাক্টের ১৩৮ ধারা	তাছলিমা বেগম, স্বামী লিটন হাওলাদার, গ্রামঃ বলীপাড়া ছোট বালিয়াতলী, পোঃ ছোট বালিয়াতলী ৮৬৫০, থানাঃ কলাপাড়া জেলাঃ পটুয়াখালী।

(এস এম শরিয়ত উল্লাহ)
(অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট
বরিশাল।

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ২৮ জুন ২০২৬ ॥ ১৪ আষাঢ় ১৪৩৩

শান্তিচুক্তির ‘প্রকাশ্য লঙ্ঘন’ করছে যুক্তরাষ্ট্র: ইরান

কীর্তনখোলা ডেস্ক

মধ্যপ্রাচ্যের যুদ্ধ শেষ করতে দুই পক্ষের মধ্যে স্বাক্ষরিত শান্তিচুক্তির ‘প্রকাশ্য লঙ্ঘনে’ যুক্তরাষ্ট্রকে অভিযুক্ত করেছে ইরান। সর্বশেষ মার্কিন হামলার পর তেহরান এই অভিযোগ তুলেছে। বার্তা সংস্থা এএফপির এক প্রতিবেদনে এ তথ্য ৩ এর পাতায় দেখুন

খাদ্য নিরাপত্তায় বাংলাদেশকে ১১০ কোটি ডলার সহায়তা দিচ্ছে বিশ্বব্যাংক

কীর্তনখোলা ডেস্ক

বৈশ্বিক বাজারে সার ও জ্বালানির মূল্যবৃদ্ধি এবং সরবরাহ ব্যবস্থায় অস্থিরতা দেখা দিয়েছে। এমন প্রেক্ষাপটে বাংলাদেশে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা, কৃষি উৎপাদন সচল রাখা এবং জরুরি পরিস্থিতি মোকাবিলায় ১ দশমিক ১ বিলিয়ন ৩ এর পাতায় দেখুন

তীব্র শিক্ষক সংকট ও অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে শের-ই- বাংলা মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট এর আয়োজনে মানববন্ধন ও বিক্ষোভ -কীর্তনখোলা

ইউনিয়ন পরিষদ, প্রাথমিক বিদ্যালয়সহ চার প্রতিষ্ঠান দুর্ধর্ষ চুরি

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলীতে মসজিদ, দোকান, ইউনিয়ন পরিষদ ও প্রাথমিক বিদ্যালয়ে চুরির ঘটনা ঘটেছে। প্রতিষ্ঠানগুলোর তালা ভেঙে ল্যাপটপ ও টাকা চুরি হয়েছে। গত শুক্রবার দিবাগত রাতে উপজেলার ঘোপখালী এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলার ঘোপখালী মসজিদ, ঘোপখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়, আড়পাঙ্গাশিয়া ইউনিয়ন পরিষদ এবং ওই এলাকার শানু হাওলাদারের দোকানে চুরি হয়। এ সময় মসজিদের আলমারি ভেঙে টাকা, বিদ্যালয় ও ইউনিয়ন পরিষদ থেকে দুটি ল্যাপটপ, ৪০ হাজার টাকা এবং দোকানটি থেকে সিগারেট চুরির ঘটনা ঘটেছে। পুলিশ-প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে দীর্ঘদিন ধরে ইউনিয়নটির বিভিন্ন গ্রামে চুরির ঘটনা ৩ এর পাতায় দেখুন

তামাককে ‘না’ বললেই গড়া সম্ভব সুস্থ সমাজ: এমপি মাসুদ সাঈদী

জিয়ানগর প্রতিনিধি

তামাকজাত দ্রব্যের ব্যবহার নিয়ন্ত্রণ, জনসচেতনতা বৃদ্ধি এবং তামাকমুক্ত সমাজ গঠনের লক্ষ্যে পিরোজপুরের জিয়ানগরে তামাকবিরোধী জনসচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৭ জুন) সকাল ১০টায় উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) হাসান মো. হাফিজুর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিরোজপুর-১ আসনের সংসদ সদস্য মাসুদ সাঈদী। প্রধান অতিথির বক্তব্যে এমপি মাসুদ সাঈদী বলেন, “তামাক একটি নীরব ঘাতক। এটি মানুষের স্বাস্থ্য, পরিবার ও সমাজের ওপর দীর্ঘমেয়াদি নেতিবাচক প্রভাব ফেলে। তাই তামাক নিয়ন্ত্রণে শুধু আইন প্রয়োগ নয় ৩ এর পাতায় দেখুন

লোডশেডিংয়ে বরফ সংকট, সাগরে যেতে পারছেন না পটুয়াখালীর অনেক জেলে

পটুয়াখালী প্রতিনিধি

সাগরে মাছ ধরার নিষেধাজ্ঞা শেষ। ৫৮ দিন পর শুরু হয়েছে জেলেদের কাঙ্ক্ষিত ইলিশ মৌসুম। কিন্তু সব প্রস্তুতি থাকলেও ট্রলার নিয়ে বসে আছেন জেলেরা। মাছ সংরক্ষণের জন্য প্রয়োজনীয় বরফ পাচ্ছেন না তারা। ঘন ঘন লোডশেডিংয়ের কারণে পটুয়াখালী ও বরগুনার বরফকলগুলোয় উৎপাদন ব্যাহত হচ্ছে।এ কারণে চাহিদামতো বরফ পাওয়া যাচ্ছে না। যেটুকু পাওয়া যাচ্ছে, তার মানও ভালো নয়। এতে সমুদ্রগামী জেলে, ট্রলারমালিক ও মৎস্য ব্যবসায়ীরা অনিশ্চয়তায় পড়েছেন। বরফকলের মালিকেরা জানান, বরফের একেকটি ব্লক উৎপাদনে টানা ১২ থেকে ১৪ ঘণ্টা নিরবচ্ছিন্ন বিদ্যুৎ প্রয়োজন হয়। কিন্তু দুই থেকে তিন ঘণ্টা ৩ এর পাতায় দেখুন

৪২ চিকিৎসকের বিপরীতে ১৬ জন, সংকটে চরফ্যাশনের ৬ লাখ মানুষের স্বাস্থ্যসেবা

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার চরফ্যাশন উপজেলার প্রায় ছয় লাখ মানুষের চিকিৎসাসেবার প্রধান ভরসা ১০০ শয্যাবিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স। তবে চিকিৎসক সংকটের কারণে হাসপাতালটির স্বাস্থ্যসেবা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। ৪২ মেডিকেল অফিসারের পদ থাকলেও বর্তমানে কর্মরত রয়েছেন ১৬ চিকিৎসক। ফলে সীমিত জনবল নিয়েই বিপুলসংখ্যক রোগীকে সেবা দিতে হচ্ছে হাসপাতাল কর্তৃপক্ষকে। চরফ্যাশন শহর থেকে ভোলা জেলা সদর হাসপাতালের দূরত্ব প্রায় ৭০ কিলোমিটার। গুরুতর রোগীদের অনেক সময় সেখানে পাঠানো হলেও স্বজনদের অভিযোগ, প্রয়োজনীয় চিকিৎসা না পেয়ে অধিকাংশ রোগীকেই পরে বরিশাল বা ঢাকার বিশেষায়িত হাসপাতালে ৩ এর পাতায় দেখুন

মৃত্যুফাঁদে বরগুনার শত শত সেতু

বরগুনা প্রতিনিধি

বরগুনা জেলার সড়ক যোগাযোগ ব্যবস্থার অন্যতম বড় সংকট হয়ে দাঁড়িয়েছে জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ সেতুগুলো। দীর্ঘদিন সংস্কার ও রক্ষণাবেক্ষণের অভাবে জেলার শত শত লোহার ও পাকা সেতু এখন কার্যত মৃত্যুফাঁদে পরিণত হয়েছে। প্রতিদিন শিক্ষার্থী, কৃষক, জেলে, রোগী, চাকরিজীবী ও সাধারণ মানুষ জীবনের ঝুঁকি নিয়ে এসব সেতু পারাপার করছেন। যেকোনো মুহূর্তে বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কায় আতঙ্কে দিন কাটছে উপকূলের মানুষের। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর-এলজিইডি সূত্রে জানা ৩ এর পাতায় দেখুন

মিলন হত্যা মামলার পলাতক দুই আসামি গ্রেফতার

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে বহুল আলোচিত মিলন হত্যা মামলার এজাহারভুক্ত দুই পলাতক আসামিকে গ্রেপ্তার করেছে পুলিশ। র‍্যাব-৩ এর সহায়তায় ঢাকার পৃথক স্থান থেকে তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারের পর শনিবার ভোরে তাদের রাজাপুর থানায় আনা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন উপজেলার বড়ইয়া ইউনিয়নের আধাখোলা এলাকার বাসিন্দা মো. বেল্লাল হাওলাদারের ছেলে মো. সাইফুল হাওলাদার (২৫) এবং মো. বাদল হাওলাদারের ছেলে মো. আলিম হাওলাদার (১৯)। পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে শুক্রবার বিকেলে র‍্যাব-৩ এর সহায়তায় ঢাকার মোহাম্মদপুর এলাকা থেকে সাইফুল হাওলাদারকে এবং মালিবাগ এলাকা থেকে আলিম হাওলাদারকে গ্রেপ্তার করা হয়। মামলার ২ এর পাতায় দেখুন

আ. লীগের দেশবিরোধী ষড়যন্ত্রের প্রতিবাদে বিক্ষোভ মিছিল

পটুয়াখালী প্রতিনিধি

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের দেশবিরোধী ষড়যন্ত্র, নৈরাজ্য ও সন্ত্রাসী কর্মকাণ্ডের প্রতিবাদে পটুয়াখালীতে বিক্ষোভ মিছিল, মানববন্ধন ও সমাবেশ কর্মসূচি পালিত হয়েছে। শনিবার (২৭ জুন) দুপুরে বাংলাদেশ হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান কল্যাণ ফ্রন্ট, পটুয়াখালী জেলা শাখার উদ্যোগে আয়োজিত বিক্ষোভ মিছিলটি পৌর শহরের লঞ্চ ঘাট প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পটুয়াখালী প্রেস ক্লাবের সামনে গিয়ে শেষ হয়। মিছিল শেষে অনুষ্ঠিত মানববন্ধন এবং সমাবেশে বক্তব্য রাখেন পটুয়াখালী জেলা বিএনপির সভাপতি ও জেলা পরিষদ প্রশাসক স্নেহাংশু সরকার কুট্টি, বাংলাদেশ হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান কল্যাণ ফ্রন্ট, পটুয়াখালী জেলা ৩ এর পাতায় দেখুন

মেঘনায় অজ্ঞাত যুবকের ভাসমান মরদেহ উদ্ধার

হিজলা প্রতিনিধি

মেঘনা নদীর বরিশালের হিজলা উপজেলার বড়জালিয়া ইউনিয়নের বাউশিয়া চৌমুহনী এলাকা থেকে অজ্ঞাত এক যুবকের মরদেহ উদ্ধার করেছে হিজলা নৌ-পুলিশের সদস্যরা। শনিবার (২৭ জুন) বেলা এগারোটার দিকে স্থানীয়রা হিজলা উপজেলার বড়জালিয়া ইউনিয়নের বাউশিয়া ৯ নং ওয়ার্ডের চৌমুহনী এলাকা সংলগ্ন মেঘনা নদীর তীরে ভাসমান অবস্থায় মরদেহটি দেখতে পায়। তাৎক্ষণিক বিষয়টি স্থানীয় নৌ-পুলিশকে অবগত করা হয়। পরবর্তীতে নৌ-পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে হিজলা থানায় ৩ এর পাতায় দেখুন

মুলাদীতে মিথ্যা মামলা ও হয়রানির অভিযোগে মানববন্ধন

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদীতে মিথ্যা মামলা ও হয়রানির অভিযোগ তুলে মানববন্ধন করেছেন ২০টি পরিবারের সদস্যরা। মুলাদী প্রেসক্লাবের সামনে উপজেলার চরকালেখান ইউনিয়নের পূর্ব ষোলঘর গ্রামের বাসিন্দারা এ কর্মসূচি পালন করেন। ‘পূর্ব ষোলঘর ৭ নম্বর ওয়ার্ডের সর্বস্তরের জনগণ’-এর ব্যানারে আয়োজিত মানববন্ধনে অংশ নেওয়া ব্যক্তিদের অভিযোগ, গ্রামের বাসিন্দা জয়নাল আবেদীন দীর্ঘদিন ধরে তাঁদের বিরুদ্ধে একের পর এক মিথ্যা মামলা দিয়ে হয়রানি করছেন। সম্প্রতি গ্রেপ্তারি পরোয়ানার ভিত্তিতে জয়নাল আবেদীন কারাগারে যাওয়ার পর তাঁরা বিচারের দাবিতে এ মানববন্ধনের আয়োজন করেন। মানববন্ধনে পুরুষদের পাশাপাশি নারীরাও অংশ নেন। তাঁদের হাতে থাকা ব্যানার-ফেস্টুনে জয়নাল আবেদীনের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ তুলে তাঁর শাস্তির দাবি জানানো হয়। মানববন্ধনে কুদ্দুস আকন অভিযোগ করেন, জয়নাল আবেদীন নিরীহ মানুষের জমি দখল ৩ এর পাতায় দেখুন

ট্রাকভর্তি সরকারি বই-খাতা জব্দ, নেপথ্যে কারা?

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়ায় সরকারি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ২০২৫ শিক্ষাবর্ষের নতুন বই, পুরোনো পাঠ্যবই ও খাতাসহ একটি ট্রাক জব্দ করেছে প্রশাসন। শুক্রবার (২৬ জুন) দুপুর ১টার দিকে পৌর শহরের উত্তর মিঠাখালী এলাকার আরাফাত মঞ্জিলের সামনে থেকে বইভর্তি ট্রাকটি জব্দ করা হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, উত্তর মিঠাখালী এলাকার মেসার্স হান্নান এন্টারপ্রাইজের তত্ত্বাবধানে বগুড়া ট্রান্সপোর্টের একটি ট্রাকে সরকারি বইগুলো ওঠানো হচ্ছিল। এসময় এলাকাবাসী বিষয়টি প্রশাসনকে খবর ৩ এর পাতায় দেখুন



জাল সনদধারী শিক্ষকদের তালিকায় নাম থাকলেও বহাল তবিয়তে তিনি

ভাণ্ডারিয়া প্রতিনিধি

শিক্ষা মন্ত্রণালয়ের ২০২২ সালের জাল সনদধারী শিক্ষকদের তালিকায় নাম থাকা সত্ত্বেও বহাল তবিয়তে রয়েছেন মোসলেম মাটিভাংগা মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক সহকারী শিক্ষক মোঃ সাহার আলী গোলদার। সরকারি কোষাগারে ১০ লাখ ৬১ হাজার ১০০ টাকা ফেরত দেওয়ার সুস্পষ্ট নির্দেশনা থাকলেও তা অমান্য করে উল্টো এক প্রভাবশালী অসাধু সচিবের মাধ্যমে মন্ত্রণালয় থেকে নাম মুছে ফেলার চাঞ্চল্যকর দাবি করেছেন অভিযুক্ত এই শিক্ষক। অনুসন্ধানে জানা যায়, পিরোজপুরের ভাণ্ডারিয়ার মোসলেম ৩ এর পাতায় দেখুন

মুলাদীতে জামায়াতের যুব বিভাগের উদ্যোগে মাদকবিরোধী র‍্যালি

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদী উপজেলায় বাংলাদেশ জামায়াতে ইসলামী উপজেলার যুব ও ক্রিড়া বিভাগের উদ্যোগে গতকাল ২৬ জুন শুক্রবার সকাল ১০টায় মুলাদী কেন্দ্রীয় ঈদগাঁ ময়দানে আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস উপলক্ষে মাদকবিরোধী আলোচনা সভা ও যুব র‍্যালি অনুষ্ঠিত হয়। উপজেলা যুব ও ক্রিড়া বিভাগের সভাপতি প্রভাষক মা. দিদারুল আহসানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা জামায়াতের আমির মাওঃ মোঃ আবু ছালেহ। আলোচনা শেষে মুলাদী কেন্দ্রীয় ঈদগাঁ ময়দান থেকে যুব র‍্যালিটি মাদকের বিরুদ্ধে বিভিন্ন ধরনের শ্লোগান দিতে দিতে বনফুল মোড়ে শেষ হয়। র‍্যালিতে উপজেলা জামায়াতে সেক্রেটারি ডাক্তার মাওলানা মোরশেদ ৩ এর পাতায় দেখুন

বিধ্বস্ত অর্থনীতি পুনরুদ্ধারে সাহসী বাজেট দিয়েছে সরকার: আলতাফ চৌধুরী

কীর্তনখোলা রিপোর্ট

বিধ্বস্ত অর্থনীতিকে পুনরুদ্ধারে সরকার ২০২৬-২৭ অর্থবছরের জন্য একটি সাহসী ও বাস্তবমুখী বাজেট দিয়েছে বলে মন্তব্য করেছেন পটুয়াখালী-১ আসনের সরকারি দলের সংসদ সদস্য আলতাফ হোসেন চৌধুরী। শনিবার (২৭ জুন) জাতীয় সংসদে প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি এ কথা বলেন। আলতাফ চৌধুরী বলেন, একটি কঠিন বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপটে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট প্রণয়ন করেছেন। রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ২ এর পাতায় দেখুন

প্রধানশিক্ষকের ব্যাগে মিড-ডে মিলের ডিম-রুটি, তদন্ত শুরু

বাকেরগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাকেরগঞ্জ উপজেলার একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধানশিক্ষকের ব্যাগে শিক্ষার্থীদের জন্য বরাদ্দ মিড-ডে মিল কর্মসূচির ডিম ও রুটি পাওয়ার অভিযোগকে কেন্দ্র করে তদন্ত কমিটি গঠন করেছে জেলা প্রাথমিক শিক্ষা অফিস। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওর পর ঘটনাটি নিয়ে প্রশাসন তদন্ত শুরু করেছে। বরিশালের বাকেরগঞ্জ উপজেলার চরাদি ইউনিয়নের রানিরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধানশিক্ষকের বিরুদ্ধে শিক্ষার্থীদের জন্য বরাদ্দ মিড-ডে মিল কর্মসূচির খাদ্যসামগ্রী আত্মসাতের অভিযোগ উঠেছে। এ ঘটনায় তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে জেলা প্রাথমিক শিক্ষা অফিস। শনিবার (২৭ জুন) সকালে বরিশাল জেলা প্রাথমিক শিক্ষা ৩ এর পাতায় দেখুন

মাদক বিরোধী দিবস উপলক্ষ্যে মহানগর জামায়াতে ইসলামীর উদ্যোগে সাইকেল র‍্যালি-**কীর্তনখোলা**

বরিশালে জামায়াতের মাদকবিরোধী সাইকেল র‍্যালি

কীর্তনখোলা রিপোর্ট

আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস ২০২৬ উপলক্ষে বাংলাদেশ জামায়াতে ইসলামী বরিশাল মহানগরীর যুব ও ক্রীড়া বিভাগের উদ্যোগে এক বর্ণাঢ্য মাদকবিরোধী সাইকেল র‍্যালি অনুষ্ঠিত হয়েছে। বরিশাল নগরীর টাউন হল চত্বর থেকে র‍্যালিটি শুরু হয়ে সদর রোড, বান্দ রোড, সিএন্ডবি রোডসহ নগরীর বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। র‍্যালিতে যুবসমাজসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। যুব বিভাগের সভাপতি মোহাম্মদ জাফর ইকবালের ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার:
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com